# Daily Monitoring Report

**Directorate of Monitoring**

**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 22, 1432 Bangla, March 07, 2026, Saturday, No. 66, 56th year


# H I G H L I G H T S

President Mohammed Shahabuddin has called upon all concerned to promote the expansion of jute products in global market and seize the golden opportunities offered by emerging prospects.[Jago FM: 13]

Prime Minister Tarique Rahman has said his government is committed to strengthening ties with countries around the world based on mutual respect, trust, and cooperation. [Jago FM: 17]

The interim government did not consult with his party on agreements signed with various countries during its tenure --- said Bangladesh Jamaat-e-Islami Ameer Dr Shafiqur Rahman. [Jago FM: 13]

Government has purchased two cargoes of liquefied natural gas from spot market at higher prices to avoid an energy crisis caused by war. Businesses are also importing LPG at increased costs. [DW: 11]

The Bangladesh Petroleum Corporation has clarified that the government has not yet taken any decision on increasing fuel prices in country amid the ongoing global crisis. [Jago FM: 17]

Filling station authorities say that many people are buying more fuel amid fears that fuel prices may rise due to the war in Middle East which has resulted in a crisis. [BBC: 03]

In the current global context, the BGB has strengthened patrols, searches and intelligence surveillance at the Jessore border to prevent fuel smuggling. [Jago FM: 13]

The FBI has arrested a Bangladeshi national named Jobaidul Amin from Malaysia and brought him to the United States on various charges, including operating an international child sexual exploitation enterprise. [DW: 12]

Four people have been arrested in London as part of a counter-terrorism investigation relating to Iran, the Metropolitan Police has said. [BBC: 09]

The death toll from Israeli attacks on Lebanon this week has risen to at least 217 people. An additional 798 people have been wounded-- the Lebanese health ministry said. [BBC: 11]


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২২, বাংলা ১৪৩২, মার্চ ০৭, ২০২৬, শনিবার, নং- ৬৬, ৫৬তম বছর**

# শিরোনাম

পাটপণ্যকে বিশ্ববাজারে ছড়িয়ে দিয়ে নতুন সম্ভাবনার সুবর্ণ সুযোগকে কাজে লাগাতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। [জাগো এফএম: ১৩]

পারস্পরিক শ্রদ্ধা, সহযোগিতা ও আস্থার ভিত্তিতে বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আরও শক্তিশালী করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [জাগো এফএম: ১৭]

অন্তর্বর্তী সরকারের সময় বিভিন্ন দেশের সঙ্গে হওয়া বিভিন্ন চুক্তি নিয়ে জামায়াতে ইসলামীর সঙ্গে কোনো আলোচনা করা হয়নি --- জানিয়েছেন দলটির আমির ও বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান। [জাগো এফএম: ১৩]

যুদ্ধের কারণে জ্বালানি সংকট এড়াতে খোলাবাজার থেকে বেশি দামে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) দুটি কার্গো কিনেছে সরকার। বেশি দামে এলপিজি আমদানি করছেন ব্যবসায়ীরা। [ডয়চে ভেলে: ১১]

বর্তমান সংকটময় পরিস্থিতিতে দেশে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির বিষয়ে সরকার এখনো কোনো সিদ্ধান্ত নেয়নি বলে জানিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন। [জাগো এফএম: ১৭]

ফিলিং স্টেশন কর্তৃপক্ষ বলছে, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে দাম বাড়তে পারে বা সংকট হতে পারে- এমন শঙ্কা থেকে আগেভাগেই বেশি করে জ্বালানি তেল কিনছেন অনেকে, যার ফলে সংকট তৈরি হয়েছে। [বিবিসি: ০৩]

বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে জ্বালানি তেলের পাচার প্রতিরোধে যশোর সীমান্তে টহল, তল্লাশি ও গোয়েন্দা নজরদারি জোরদার করেছে বিজিবি। [জাগো এফএম: ১৩]

আন্তর্জাতিক শিশু যৌন নিপীড়নের চক্র পরিচালনাসহ বিভিন্ন অভিযোগে জোবাইদুল আমিন নামের এক বাংলাদেশিকে মালয়েশিয়া থেকে গ্রেফতার করে যুক্তরাষ্ট্রে নিয়ে গেছে এফবিআই। [ডয়চে ভেলে: ১২]

ইরান-সংশ্লিষ্ট একটি সন্ত্রাসবিরোধী তদন্তের অংশ হিসেবে লন্ডনে চারজনকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে মেট্রোপলিটন পুলিশ। [বিবিসি: ০৯]

লেবাননে ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা বেড়ে ২১৭ জনে দাঁড়িয়েছে। এছাড়া, ৭৯৮ জন আহত হয়েছেন। [বিবিসি: ১১]

# বিবিসি

## `বাংলাদেশ জিন্দাবাদ, বলে আলোচনায় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন

ঢাকায় আয়োজিত সরকারি এক অনুষ্ঠানে `বাংলাদেশ জিন্দাবাদ, বলে বক্তব্য শেষ করে আলোচনা তৈরি করেছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। তার বক্তব্যের একটি ভিডিও ছড়িয়ে পড়েছে সামাজিক মাধ্যমে, যা নিয়ে চলছে নানা আলোচনা। আওয়ামী লীগ সরকারের সময় রাষ্ট্র প্রধানের দায়িত্ব পাওয়া মি. সাহাবুদ্দিন অতীতে `জয় বাংলা, বলে বক্তব্য শেষ করলেও, এখন `বাংলাদেশ জিন্দাবাদ, বলাতেই এই আলোচনা তৈরি হয়েছে। এছাড়া, আওয়ামী লীগ সরকার পতনের পর অন্তর্বর্তী সরকারের সময় রাষ্ট্রীয় আয়োজনগুলোয় বক্তব্য দিতে দেখা যায়নি তাকে। অন্তর্বর্তী সরকারের আঠারো মাসের শাসনের পর এই প্রথম তিনি সরকারি কোনো অনুষ্ঠানে বক্তব্য রাখলেন বিএনপির নতুন সরকারের সময়ে। শুক্রবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে `জাতীয় পাট দিবস- ২০২৬, উপলক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন রাষ্ট্রপতি। অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার আগে, বাংলাদেশ শিল্পকলা একাডেমি চত্বরে আয়োজিত নয়দিন ব্যাপী পাট ও বহুমুখী পাট পণ্যের মেলার উদ্‌বোধন করেন রাষ্ট্রপতি।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## সাবেক দুই উপদেষ্টাকে জিজ্ঞাসাবাদের দাবিতে জামায়াতের বিক্ষোভ

বাংলাদেশের সদ্য বিদায় নেওয়া অন্তর্বর্তী সরকারের সাবেক দুইজন উপদেষ্টাকে জিজ্ঞাসাবাদের দাবিতে শুক্রবার বিক্ষোভ মিছিল করেছে জামায়াতে ইসলামী। ”ইলেকশন ইঞ্জিনিয়ারিং করে জনগণের রায় পাল্টে দেওয়ার অভিযোগের তদন্তের জন্য সাবেক উপদেষ্টা সৈয়দা রেজওয়ানা হাসান ও ড. খলিলুর রহমানকে জিজ্ঞাসাবাদের দাবি„ লেখা দেখা যায় জামায়াতের বিক্ষোভের ব্যানারে, যা দলটির ভেরিফাইড ফেসবুক ও ইউটিউব পেজে শেয়ার করা হয়েছে। শুক্রবারের জুমার নামাজের পর ঢাকায় বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেটে জামায়াতে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সংবাদমাধ্যমের কাছে পাঠানো এক বিবৃতিতে জানানো হয়, বিক্ষোভ সমাবেশ থেকে **১২** ফেব্রুয়ারির নির্বাচনের ভোট গণনা থেকে শুরু করে ফলাফল ঘোষণা পর্যন্ত প্রতিটি স্তরে ইঞ্জিনিয়ারিং করা হয়েছে„ বলে অভিযোগ করা হয়েছে। অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের একটি মন্তব্য ঘিরে বিভিন্ন অভিযোগ তুলেছে জামায়াতে ইসলামী। দলটি ওই সাবেক উপদেষ্টার ভুল স্বীকার করার দাবিও জানিয়েছে। এছাড়া, বর্তমান বিএনপি সরকারের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব পাওয়া সাবেক উপদেষ্টা খলিলুর রহমানের বিরুদ্ধে `লন্ডন মেকানিজম,- এর অভিযোগ তুলেছে জামায়াত। প্রসঙ্গত, গত বছরের জুন মাসে তৎকালীন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস লন্ডনে গিয়ে তখন সেখানে অবস্থান করা বিএনপি নেতা তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছিলেন। সেই লন্ডন বৈঠকে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসেবে খলিলুর রহমানও উপস্থিত ছিলেন। আর ওই বৈঠক থেকেই ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচনের ঘোষণা এসেছিল। সে অনুযায়ী, **১২** ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## ঢাকায় ফিলিং স্টেশনগুলোয় ভিড়, সরকার বলছে, সংকট নেই

”নিউমার্কেট থেকে উত্তর বাড্ডা আসার পথে পাঁচটা পাম্পে গেছি, কোনোটা বলে তেল নাই, কোনোটাতে বিদ্যুৎ নাই, কোনোটা বলে পরে আসেন।„ এভাবেই বিবিসি বাংলাকে বলছিলেন মোটরসাইকেল চালক মারুফ হোসেন। হঠাৎই জ্বালানি তেল নিয়ে চরম ভোগান্তিতে পড়েছেন তার মতো অনেকেই। ঢাকার উত্তর বাড্ডায় মক্কা সিএনজি রিফুয়েলিং স্টেশনের সামনে জ্বালানি তেল নেওয়ার অপেক্ষায় থাকা এমন অনেকের সঙ্গেই কথা হয় বিবিসি বাংলার। নিজের মোটর সাইকেলের জ্বালানি তেল নেওয়ার জন্য ফিলিং স্টেশনে ঘুরছেন ঢাকার রামপুরা এলাকার বাসিন্দা হায়দার আলী। তিনি জানান, বৃহস্পতিবার রাতে দুই ঘণ্টা অপেক্ষা করেও শেষমেষ জ্বালানি তেল ছাড়াই বাসায় ফিরেছেন। ”ভাই, গত রাতে শত শত বাইক, কে কার আগে তেল নেবে, মনে হচ্ছিল যেন যুদ্ধ ইরানে না বাংলাদেশে লাগছে,„ বলেন তিনি। পাম্পের বাইরে নিজেদের মধ্যেই আলোচনা করছিলেন জ্বালানি নেওয়ার অপেক্ষায় থাকা কয়েকজন যানবাহন চালক। তাদের প্রশ্ন, যুদ্ধের কারণে তেলের দাম বাড়তে পারে, এই আলোচনা শুরু হতে না হতেই ফিলিং স্টেশনে তেলের সংকট কীভাবে হয়? ”সরকার তো একটা নিয়ম করে দিতে পারে যে, এই কয়দিনের জন্য কেউ পাঁচশ বা হাজার টাকার বেশি তেল নিতে পারবে না,„ বিবিসি বাংলাকে বলেন প্রাইভেটকার চালক কাদের মিয়া।

সরেজমিন রাজধানীর বাড্ডা, রামপুরা এবং খিলক্ষেত এলাকার তিনটি সিএনজি স্টেশন এবং পেট্রোল পাম্প ঘুরে একই চিত্র দেখা গেছে। এসব ফিলিং স্টেশনে দায়িত্বরতদের দাবি, গত দুইদিন তাদের কাছে যে পরিমাণ তেল এসেছে, তার থেকে চাহিদা অনেক বেশি। ”ডিপো থেকে তেল না দিলে আমরা কী করবো, সকালে তেল যা আসছিল, দুপুরেই শেষ হয়ে গেছে, এখন কোত্থেকে দেব আমরা,„ বিবিসি বাংলাকে বলেন মক্কা ফিলিং স্টেশনে কর্মরত নুরুল মিয়া। ফিলিং স্টেশন কর্তৃপক্ষ বলছে, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে দাম বাড়তে পারে বা সংকট হতে পারে- এমন শঙ্কা থেকে আগেভাগেই বেশি করে জ্বালানি তেল কিনছেন অনেকে, যার ফলে সংকট তৈরি হয়েছে। অন্যদিকে, বেশি

লাভের আশায় ফিলিং স্টেশন বা ডিপোগুলো তেলের কৃত্রিম সংকট তৈরি করেছে বলে অভিযোগ গ্রাহকদের। সব মিলিয়ে বাংলাদেশে জ্বালানি নিয়ে যে এক ধরনের 'অস্থিরতা' তৈরি হয়েছে, এটি বলাই যায়। এক্ষেত্রে ঘুরেফিরে একটি প্রশ্নই সামনে আসছে যে, তেল-গ্যাসের দাম কী বাড়ছে? এদিকে, প্রতিদিন যানবাহন ভেদে কতটুকু জ্বালানি তেল নেওয়া যাবে, সেই সীমা নির্ধারণ করে একটি বিজ্ঞপ্তি জারি করেছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বা বিপিসি।

**জ্বালানি তেল কেনার সীমা নির্ধারণ**

ব্যবহৃত জ্বালানি তেলের প্রায় ৯৫ ভাগই বিদেশ থেকে আমদানি করে বাংলাদেশ। এর ফলে মধ্যপ্রাচ্যে সংঘাতময় পরিস্থিতি শুরু হওয়ার পর থেকেই জ্বালানি তেলের দাম বৃদ্ধি এবং মজুত নিয়ে নানা আলোচনা চলছে। যার প্রভাব পড়েছে দেশের জ্বালানি তেলের বাজারে। সম্প্রতি ফিলিং স্টেশন থেকে 'সংকট তৈরি হয় কিনা' এমন শঙ্কা থেকে গ্রাহকদের অধিক মাত্রায় তেল কেনার প্রবণতা দেখা যায়। এ নিয়ে অস্থিরতার মধ্যেই দেশজুড়ে শুরু হওয়া 'প্যানিক বাইং' বন্ধ করতে যানবাহন ভেদে দৈনিক কতটুকু জ্বালানি তেল নেওয়া যাবে, সেটি নির্ধারণ করে দিয়েছে সরকার। শুক্রবার এ সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করেছে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন বা বিপিসি। যেখানে উল্লেখ করা হয়েছে, এখন থেকে দৈনিক ট্রিপ প্রতি (অকটেন/পেট্রোল) মোটর সাইকেল দুই লিটার, প্রাইভেটকার ১০ লিটার, জিপ বা মাইক্রো ২০-২৫ লিটার, পিকআপ ও লোকাল বাস (ডিজেল) ৭০-৮০ লিটার এবং আন্তঃজেলা বাস-ট্রাক-কার্ভাডভ্যান-কনটেইনার ট্রাক (ডিজেল) ২০০-২২০ লিটার জ্বালানি তেল নিতে পারবে। এক্ষেত্রে বেশকিছু নিয়মও নির্ধারণ করে দেওয়া হয়েছে বিপিসির ওই বিজ্ঞপ্তিতে। ফিলিং স্টেশন থেকে জ্বালানি তেল নেওয়ার সময় ভোক্তাকে অবশ্যই তেলের ধরণ, পরিমাণ ও মূল্য উল্লেখ করে ক্রয় রশিদ দিতে হবে। প্রতিবার জ্বালানি তেল নেওয়ার সময় আগের ক্রয়ের রশিদ বা বিলের মূল কপি বিক্রেতার জমা দিতে হবে। এছাড়া, ফিলিং স্টেশনগুলো জ্বালানি তেলের মজুত এবং বিক্রয় সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট ডিপোতে জমা দেওয়ার পরই নতুন করে তেল নিতে পারবে।

**দাম বৃদ্ধি নিয়ে সরকারের বক্তব্য**

ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্য জুড়ে যে সংকট তৈরি হয়েছে, তাতে বৈশ্বিক তেলের বাজার যে প্রভাবিত হতে পারে, এটি আগে থেকেই ধারণা করা হচ্ছিল। বিশেষ করে, বৈশ্বিক জ্বালানি পরিবহণের অন্যতম প্রধান রুট হরমুজ প্রণালি দিয়ে নৌযান চলাচল, ইরান বন্ধ ঘোষণার পর এর প্রভাব স্পষ্ট হতে শুরু করেছে গোটা বিশ্বে। তেলের দামের আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট ক্রুড শুক্রবার ব্যারেল প্রতি ৮৬ ডলার ছাড়িয়েছে। ইরানে হামলার প্রথম দিনের সঙ্গে তুলনা করলে এই দাম দশ শতাংশের বেশি বেড়েছে। এমন প্রেক্ষাপটে বাংলাদেশে জ্বালানি পরিস্থিতি জটিল আকার ধারণ করে কিনা, এমন ভীতি তৈরি হয়েছে সাধারণ মানুষের মধ্যে। যদিও সরকারের পক্ষ থেকে দাবি করা হয়েছে, 'বাংলাদেশে এখনই জ্বালানি সংকটের শঙ্কা নেই, মজুত আছে।' তবে ইরান যুদ্ধ দীর্ঘস্থায়ী হলে পরিস্থিতি ভিন্ন হতে পারে বলেও সতর্ক করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। ইতোমধ্যে 'জ্বালানি রেশনিং' করা হচ্ছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন মন্ত্রী। তিনি বলেন, তেল এবং গ্যাস ক্রয়ের বিকল্প উৎসগুলো নিয়েও বিবেচনা করছে সরকার। জ্বালানির দাম বৃদ্ধির বিষয়ে মন্ত্রী বলছেন, বিশ্ব বাজারে জ্বালানির দাম বৃদ্ধি পেলে বাংলাদেশেও বাড়তে পারে, 'এক্ষেত্রে তো কিছু করার নেই'। তবে, "এখনই না বাড়িয়ে ঈদের আগে আমরা চেষ্টা করছি রেশনিংয়ের মাধ্যমে কতটা চালিয়ে নেওয়া যায়,„ বলেন তিনি। তিনি জানান, ফিলিং স্টেশনগুলো থেকে যানবাহন ভেদে দিনে কতটুকু জ্বালানি তেল নেওয়া যাবে, সেটি নির্ধারণ করে দিয়েছে সরকার। গ্যাসের ব্যাপারেও আলোচনা চলছে বলে জানান মি. টুকু।

বিবিসি বাংলাকে জ্বালানি মন্ত্রী বলেন, "আপনি আগে গাড়ির ট্যাঙ্কি ফুল করে তেল নিতেন, এখন অর্ধেক নেন, আবার পরে নেন। এভাবে যতটুকু আমাদের কাছে আছে, সেটার সর্বোচ্চ ব্যবহারের চেষ্টা আমরা করছি।„ "হঠাৎ করেই ফিলিং স্টেশনে তেলের চাহিদা অনেক বেশি বেড়ে গেছে, 'প্যানিক বাইং' করার তো দরকার নেই। আমাদের কাছে জ্বালানি আছে, বিকল্প উৎসগুলোতেও আমরা আলোচনা চালাচ্ছি,„ বলেন তিনি। অসাধু ব্যবসায়ীরা যাতে জ্বালানি তেল মজুত বা বাড়তি দামে বিক্রি করতে না পারে, সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান মন্ত্রী। পার্শ্ববর্তী দেশে জ্বালানি তেল পাচারের বিষয়েও সীমান্তে সতর্কতা বাড়ানো হয়েছে। তবে অতীতের মতো ভর্তুকি দিয়ে জ্বালানির দাম নিয়ন্ত্রণ বা কমানোর কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা, এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলছেন, "না এখনও নয়, এমনিতেই আমাদের ইকোনমির যে অবস্থা, তাতে আরও লোড দেওয়া ঠিক হবে না।„ এদিকে, চলমান পরিস্থিতিতে জ্বালানি সাশ্রয়ের নির্দেশনা দিয়ে বৃহস্পতিবার একটি বিজ্ঞপ্তি জারি করেছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। যেখানে ব্যক্তিগত যানবাহনের পরিবর্তে গণপরিবহণ ব্যবহার, রান্না ও অন্যান্য কাজে গ্যাসের সর্বোচ্চ সাশ্রয়ের পদ্ধতি অনুসরণ, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী পদক্ষেপ গ্রহণসহ নানা নির্দেশনা দেওয়া হয়েছে। যুদ্ধের কারণে জ্বালানি সংকট এড়াতে, খোলাবাজার থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি ক্রয় এবং জ্বালানি তেল কেনার বিষয়ে দেশের বেসরকারি খাতের ব্যবসায়ীদের সঙ্গেও আলোচনা করছে

সরকার। এরই মধ্যে একাধিক বেসরকারি প্রতিষ্ঠান তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বা এলপিজি আমদানির পদক্ষেপ নিয়েছে বলেও জানা গেছে।

**জ্বালানি সংকট কতটা ভোগাবে?**

বৈশ্বিক তেল মজুদের প্রায় অর্ধেক এবং প্রাকৃতিক গ্যাস মজুতের এক-তৃতীয়াংশেরও বেশি রয়েছে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে। তাই এই অঞ্চলে যুদ্ধ পরিস্থিতির প্রভাব গোটা বিশ্বকে ভোগাতে পারে বলেই মনে করেন বিশেষজ্ঞরা। বিশেষ করে, বিশ্ব অর্থনীতির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ 'লাইফলাইন' হিসেবে পরিচিত হরমুজ প্রণালি, যে পথ দিয়ে প্রতিদিন প্রায় এক-পঞ্চমাংশ বৈশ্বিক তেল সরবরাহ এবং বিশ্বের মোট বাণিজ্যিক এলএনজির প্রায় ২০ শতাংশ পরিবহন হয়, সেটি অচল হয়ে পড়া শঙ্কার বিষয়। যুদ্ধ দীর্ঘস্থায়ী হলে বাংলাদেশের মতো জ্বালানি আমদানি-নির্ভর দেশগুলোতে এর মারাত্মক প্রভাব পড়তে পারে বলেই মনে করেন বিশেষজ্ঞরা। বাংলাদেশের পোশাক শিল্প মালিকদের সংগঠন বিজিএমইএ-এর সাবেক পরিচালক মোহাম্মদ মহিউদ্দিন রুবেল বলছেন, মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতির প্রভাব বাংলাদেশের রপ্তানি পণ্য পরিবহণের ক্ষেত্রে এরই মধ্যে পড়তে শুরু করেছে। ”শিপিং কস্ট বেড়েছে, অনেক অর্ডার আটকে যাচ্ছে, সময়মতো পণ্য পাঠানো যাচ্ছে না, ক'দিন পর জ্বালানি সংকট কারখানাকে ভোগাবে, এমন নানা জটিলতা তৈরি হচ্ছে- যা ক'দিন পর আরও বাড়বে,„ বলেন তিনি। জ্বালানিসহ সব বিষয়ে অভ্যন্তরীণ সক্ষমতা বাড়ানোর কথা বলছেন মি. রুবেল। ”যুদ্ধ পরিস্থিতি হোক, মার্কিন ট্যারিফ হোক কিংবা যে-কোনো ইস্যুতেই আমরা তাৎক্ষণিক সংকটের শঙ্কায় পড়ি, এটা অনেকটা সর্দি জ্বরের মতো হয়ে গেছে, আমাদের রেজিস্ট্যান্স পাওয়ার নাই।„ ভবিষ্যতের জন্য দেশের অভ্যন্তরীণ সক্ষমতা বাড়ানোর কোনো বিকল্প নেই বলেই মনে করেন তিনি। ”অ্যানার্জি ক্রাইসিস আমাদের কাছে নতুন কিছু না। হরমুজ বন্ধ হলে আমাদের ওপর কী প্রভাব পড়তে পারে, সেটি আমরা আগে থেকেই জানি, তাহলে ব্যবস্থা কেন নিচ্ছি না?,„ বলেন মি. রুবেল।

তেলজাত পণ্যের মজুত কয়েক সপ্তাহের বেশি নয়, বিকল্প পাইপলাইন ও শিপিং রুট খুবই সীমিত ও ব্যয়বহুল এবং সম্ভাব্য জ্বালানি, বিদ্যুৎ ও গ্যাস সংকট শিল্প উৎপাদন, রপ্তানি প্রতিযোগিতা এবং সামগ্রিক অর্থনৈতিক স্থিতিশীলতাকে হুমকির মুখে ফেলতে পারে বলেই মনে করেন অর্থনীতিবিদরা। এক্ষেত্রে বিকল্প জ্বালানি উৎস খোঁজা, আমদানি উৎস বহুমুখীকরণ, কৌশলগত মজুত বৃদ্ধি এবং অপ্রয়োজনীয় ব্যয় সংকোচনের মতো পদক্ষেপ নেওয়ার পরামর্শ অর্থনীতিবিদ ড. সেলিম রায়হানের। ব্যবসায়ী, জ্বালানি বিশেষজ্ঞ ও অর্থনীতিবিদদের সঙ্গে আলোচনা করে এখনই সময়োপযোগী ও সমন্বিত উদ্যোগ নেওয়া গেলে সম্ভাব্য বড়ো সংকট মোকাবিলা সহজ হবে বলেই মনে করেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ০৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## যুদ্ধ ও নজরদারির মধ্যেও ইরান থেকে কীভাবে খবর পাঠান সাংবাদিকরা?

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ইরানের রাজধানী তেহরানে যে-সব অবকাঠামোর ক্ষতি হয়েছে, তার মধ্যে রাষ্ট্রীয় সম্প্রচার মাধ্যম ইসলামিক রিপাবলিক অব ইরান ব্রডকাস্টিং (আইআরআইবি) কমপ্লেক্সও রয়েছে। স্থাপনাটির কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। ২ মার্চ, সোমবার ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) ইরানের জনগণকে সতর্ক করেছিল, যাতে তারা তেহরানের এভিন এলাকা এবং তার আশপাশের অঞ্চল এড়িয়ে চলে। ওই অঞ্চলেই মূলত রাষ্ট্রীয় সম্প্রচার মাধ্যম আইআরআইবি অবস্থিত। ওই সতর্কবার্তা দেওয়ার সময় যারা ইতোমধ্যে এভিন ও তার আশেপাশের এলাকায় অবস্থান করছিলেন, তাদের দ্রুত নিরাপদ আশ্রয়ে অবস্থান নেওয়ার জন্য এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত খোলা জায়গা এড়িয়ে চলার নির্দেশনা দিয়েছিল ইসরায়েলি বাহিনী। শুধু আইআরআইবি না, ওই এলাকায় রয়েছে কুখ্যাত এভিন কারাগার। গত বছর ইসরায়েলি হামলায় সেখানে ব্যাপক ক্ষয়ক্ষতি হয় এবং ওই হামলায় তখন কারাগারটিতে কমপক্ষে ৮০ জন নিহত হন। নিহতদের মধ্যে কেউ ছিলেন কারাগারের কর্মী, কেউ আবার বন্দি এবং ওই তালিকায় ছিলেন বন্দিদের সঙ্গে দেখা করতে আসা পরিবারের সদস্যরাও।

বহু রাজনৈতিক বন্দি ও গ্রেফতার হওয়া মানবাধিকার কর্মীদের সঙ্গে বর্তমানে সেখানে একজন বিদেশি সাংবাদিকও আছেন বলে মনে করা হয়। যে ক'জন বিদেশি সাংবাদিক গত মাসে বিক্ষোভ দমনের সময়ও ইরান থেকে রিপোর্ট করছিলেন, তিনি ছিলেন তাদের মাঝে অন্যতম। প্রাগভিত্তিক ফার্সি ভাষার সংবাদমাধ্যম রেডিও ফারদা দুইটি সূত্রের বরাত দিয়ে জানিয়েছে, জাপানের রাষ্ট্রীয় সম্প্রচার মাধ্যম এনএইচকে-এর তেহরান ব্যুরো প্রধান শিনোসুকে কাওয়াশিমাকে গত ২০ জানুয়ারি গ্রেফতারের পর এভিন কারাগারে স্থানান্তর করা হয়েছে। কমিটি টু প্রোটেক্ট জার্নালিস্টস (সিপিজে) বলেছে, এই আটক থেকে এটিই প্রতীয়মান হয় যে, ইরানি কর্তৃপক্ষ স্বাধীন সাংবাদিকতাকে চুপ করিয়ে দিতে সচেতনভাবে চেষ্টা করছে, যাতে সাংবাদিকরা নীরব থাকে এবং কাজ চালিয়ে যেতে ভয় পায়। সংস্থাটির আঞ্চলিক পরিচালক সারা কুদাহ বলেন, ”এ ধরনের পদক্ষেপের উদ্দেশ্য সাংবাদিকদের সেলফ সেন্সরশিপে বাধ্য করা এবং স্বাধীন গণমাধ্যমকে দেশ থেকে সরিয়ে দেওয়া।„

ইরানে সাম্প্রতিক সময়ে বিক্ষোভ দমনে প্রাণঘাতী অভিযান চালানোর পর এক সপ্তাহেরও বেশি সময় ধরে ইন্টারনেট সেবা বন্ধ রাখা হয়। অনেকের মতে, তথ্য বাইরে যেতে না দেওয়ার জন্যই এমনটি করা হয়েছিল। এর আগেও

পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কর্তৃপক্ষ এমন পদক্ষেপ নিয়েছে। তবে ওই সময় সীমান্তবর্তী কিছু এলাকার মানুষ প্রতিবেশী দেশগুলোর ইন্টারনেট ব্যবহার করে যোগাযোগ করতে পেরেছিলেন। আর খুব অল্পসংখ্যক মানুষ স্টারলিংক স্যাটেলাইট ইন্টারনেট ব্যবহার করতে পেরেছেন, যদিও ইরানে স্টার লিংক ডিভাইস রাখা বেআইনি। এখনো ইরানে প্রায় পুরোপুরি ইন্টারনেট বন্ধ রয়েছে বলে জানিয়েছে লন্ডনভিত্তিক ইন্টারনেট পর্যবেক্ষণ সংস্থা নেটব্লকস। তবে মাঝেমধ্যে স্বল্প সময়ের জন্য ইন্টারনেট ব্যবহার করা যাচ্ছে। ইরানে সব সামাজিক যোগাযোগ মাধ্যমই নিষিদ্ধ, সেটি ইন্টারনেট সেবা চালু থাকলেও। তাই এসব ব্যবহারের জন্য মানুষকে ভিপিএন (ভার্চুয়াল প্রাইভেট নেটওয়ার্ক) ব্যবহার করতে হয়। ইন্টারনেট বন্ধ থাকায় ইরান থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে সাধারণ ব্যবহারকারীদের পোস্ট অনেক কমে গেছে। তবে কিছু সরকারি কর্মকর্তা, সরকার সমর্থক কট্টরপন্থি ব্যক্তিরা ও বিশ্লেষকরা এখনো সেখানে পোস্ট করছেন। ধারণা করা হয়, তারা অনুমোদিত ইন্টারনেট সংযোগ ব্যবহার করছেন অথবা তাদেরকে "হোয়াইট সিম কার্ড„ দেওয়া হয়েছে, যার মাধ্যমে বাধাহীনভাবে ইন্টারনেট ব্যবহার করা যায়। খবরে বলা হয়েছে, আবেদন করার পর কিছু সাংবাদিক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকদেরকে এই হোয়াইট সিম কার্ড দেওয়া হয়েছে। তবে এমন পরিস্থিতিতে সত্য ঘটনা তুলে ধরা খুবই কঠিন এবং সরকারের বক্তব্যের সঙ্গে না মিললে ইরানের ভেতরে সাংবাদিকদের জন্য কাজ করা বেশ ঝুঁকিপূর্ণ। কারণ দেশটির সব স্থানীয় সংবাদমাধ্যম সরকারের নিয়ন্ত্রণে। সরকারের অনুমোদিত বয়ানের বাইরে কিছু বললে তা সাধারণত সহ্য করা হয় না।

**ইরানের ভেতর থেকে এখনো কোন কোন বিদেশি গণমাধ্যম কাজ করছে?**

ইরান থেকে এখনো কয়েকটি বিদেশি টেলিভিশন চ্যানেল সংবাদ প্রচার করছে। এর মধ্যে রয়েছে কাতারভিত্তিক সংবাদ মাধ্যম আল-জাজিরা, সৌদি আরবের আল অ্যারাবিয়া, বৈরুতভিত্তিক আল মায়াদিন এবং রাশিয়ার আরটি অ্যারাবিক। ইরানের নিজস্ব চ্যানেল আল আলাম টিভিও তেহরান থেকেই সম্প্রচার করে। রাষ্ট্র নিয়ন্ত্রিত এই চ্যানেল আরবিতে কার্যক্রম পরিচালনা করে। এছাড়া, ইরানে কয়েকটি বড়ো টার্কিশ গণমাধ্যমেরও উপস্থিতি রয়েছে। এর মধ্যে আছে ইরানের রাষ্ট্রীয় চ্যানেল টিআরটি হাবের, সরকারপন্থি এ হাবের, মূলধারার এনটিভি এবং রাশিয়াপন্থি উলুসাল কানাল। তুরস্কের বড়ো সংবাদমাধ্যমগুলো সাধারণত ইরানের পরিস্থিতি নিয়ে এমনভাবে খবর করে, যাতে তুরস্ক সরকারের সতর্ক অবস্থানই প্রতিফলিত হয়। অন্যদিকে, অনেক আন্তর্জাতিক সংবাদমাধ্যম ইরানে নিষিদ্ধ বা কঠোরভাবে সীমিত। তারা সাধারণত এমন বিষয় এড়িয়ে চলে যেগুলো ইরানি সরকার সংবেদনশীল মনে করে।

**ইরানে আন্তর্জাতিক সাংবাদিকদের কী ধরনের চ্যালেঞ্জ আছে?**

ইরানে ঢোকার আগে আন্তর্জাতিক সাংবাদিকদের প্রেস ভিসা ও অনুমোদন নিতে হয়, যা দেয় মিনিস্ট্রি অব কালচার অ্যান্ড ইসলামিক গাইডেন্স। সাধারণত ইরানে প্রবেশের আগেই সেখানে বিস্তারিত রিপোর্টিং পরিকল্পনা জমা দিতে হয় এবং সেই পরিকল্পনা মেনেই কাজ করতে হয়। পরিকল্পনার বাইরে গেলে সতর্কবার্তা, অনুমতি বাতিল বা দেশ ছাড়ার নির্দেশ দেওয়া হতে পারে। বিদেশি সাংবাদিকদের চলাফেরা ও কাজের সুযোগও কঠোরভাবে নিয়ন্ত্রিত। তারা সাধারণত সরকার অনুমোদিত স্থানীয় সহায়তাকারীর (লোকাল ফিক্সার) সঙ্গে কাজ করেন এবং বড়ো শহরের বাইরে যেতে হলে আগে সরকারের অনুমতি নিতে হয়। ইরানের সংবাদমাধ্যম ও দণ্ডবিধিতে এমন অনেক ধারা আছে, যেখানে জাতীয় নিরাপত্তা, পাবলিক অর্ডার বা জনশৃঙ্খলা এবং ইসলামি নীতির জন্য ক্ষতিকর মনে হলে কোনো বিষয় প্রকাশ করা নিষিদ্ধ। এই আইনের কারণে কর্তৃপক্ষ চাইলে সহজেই 'রাষ্ট্রবিরোধী প্রচারণার' অভিযোগ আনতে পারে। তেহরানে কিছু বিদেশি গণমাধ্যমের অফিস থাকলেও, সেখানে কাজের পরিবেশ খুবই সীমাবদ্ধ এবং রাজনৈতিক উত্তেজনা বাড়লে এই বিধি-নিষেধ আরও কঠোর হয়ে যেতে পারে।

**ইরানে আন্তর্জাতিক সাংবাদিকদের চ্যালেঞ্জ কখন শুরু হয়?**

বিতর্কিত ২০০৯ সালের প্রেসিডেন্ট নির্বাচন, যেখানে মাহমুদ আহমাদিনেজাদকে মীর হোসেইন মৌসাভির ওপর বিজয়ী ঘোষণা করা হয়, তার পর ইরানজুড়ে ব্যাপক বিক্ষোভ ছড়িয়ে পড়ে। কর্তৃপক্ষ কঠোর দমন শুরু করে এবং বিদেশি গণমাধ্যমের ওপর কঠিন সীমাবদ্ধতা আরোপ করে। আন্তর্জাতিক সংবাদদাতাদের বহিষ্কার করা হয়, অফিস বা হোটেলে অবরুদ্ধ রাখা হয় অথবা বিক্ষোভের সংবাদ কাভার করা নিষিদ্ধ করা হয়। প্রেস ভিসা পাওয়া বা নবায়ন করা ক্রমেই কঠিন হয়ে ওঠে এবং স্বীকৃতি বা অনুমোদন সংক্রান্ত নিয়ম আরও কঠোর হয়। ইরান অতীতেও গণমাধ্যমের ওপর বিধিনিষেধ দিয়েছিল, তবে ২০০৯-এর পরের সময় থেকেই চলমান রাজনৈতিক প্রতিবেদন, চলাচল ও প্রবেশাধিকার সংক্রান্ত সীমাবদ্ধতা স্থায়ীভাবে কঠোর হয়ে ওঠে, যা এখনকার পরিস্থিতিকে বুঝতেও সাহায্য করে। এরপরের বিভিন্ন দফায় বিক্ষোভ- ২০১৭-১৮, ২০১৯ এবং ২০২২ সালে মাহসা আমিনির মৃত্যুর পর সারা দেশজুড়ে আন্দোলন-অতিরিক্ত নিষেধাজ্ঞা ও সাময়িক বহিষ্কারের নতুন ধাপ সৃষ্টি করে।

**বিদেশ থেকে ইরান নিয়ে রিপোর্টিং করা সাংবাদিকদের জন্য কী চ্যালেঞ্জ রয়েছে?**

বিদেশে বসে রিপোর্ট করা সাংবাদিকরাও চাপের মুখে পড়েছেন। ইরানি কর্তৃপক্ষ তাদের পরিবারকে দেশের ভেতরে হয়রানি বা ভীতি প্রদর্শনের নিশানা করেছে। ২০০৯ সালের বিতর্কিত নির্বাচনের পর বিবিসি ফারসি টিভি চালুর পর

থেকে সংস্থার কর্মীরা হুমকি ও আইনি ভীতি প্রদর্শনের মুখে পড়ছেন। লন্ডনভিত্তিক আরও দুটি ফারসি ভাষার চ্যানেল- ইরান ইন্টারন্যাশনাল এবং মানোটো- যারা ইসলামি প্রজাতন্ত্রের সমালোচক, তাদের 'সন্ত্রাসী' মাধ্যম হিসেবে চিহ্নিত করা হয়েছে। এসব প্রতিষ্ঠানের কর্মীরা হুমকির সম্মুখীন হয়েছেন এবং একজন সাংবাদিক লন্ডনে গুরুতর আহত হয়েছেন। এক পর্যায়ে যুক্তরাজ্যের গোয়েন্দা সংস্থা গুরুতর হুমকি আটকানোর পর তাদের অফিস সাময়িকভাবে পুলিশের সুরক্ষায় বন্ধ করে দেওয়া হয়।

**ইরানে আন্তর্জাতিক সাংবাদিকদের ওপর আরোপিত বিধিনিষেধ কি কখনো শিথিল হয়?**

বড়ো জাতীয় উদ্‌যাপন উপলক্ষ্যে ইরান সাময়িকভাবে বিদেশি সাংবাদিকদের প্রবেশের অনুমতি দেয়, যদিও কঠোর শর্তে। আইআরআইবি- নির্বাহী উদ্যোগগুলোও দেখা যায়, যেখানে নির্বাচিত স্বাধীন সাংবাদিক ও সোশ্যাল মিডিয়া ইনফ্লুয়েন্সারদের আবেদন করার সুযোগ দেওয়া হয়। উদাহরণস্বরূপ, ফেব্রুয়ারি ২০২৬-এ ইরানি গণমাধ্যম জানায় যে, ১৯৭৯ সালের ইসলামিক বিপ্লবের ৪৭তম বার্ষিকী কাভার করতে ২০০-এর বেশি বিদেশি রিপোর্টার ও ক্যামেরা ক্রু উপস্থিত থাকবে। বিবিসির প্রধান আন্তর্জাতিক সংবাদদাতা লিজ ডুসেট তেহরান থেকে রিপোর্ট করেন, শর্ত ছিল তার কোনো উপাদান বিবিসি ফারসি সার্ভিসে ব্যবহার করা যাবে না। বার্ষিকীর আগে, আইআরআইবি- সম্পৃক্ত একটি গণমাধ্যম কেন্দ্র বিদেশি সাংবাদিক ও ইনফ্লুয়েন্সারদের জন্য কড়া নিয়ন্ত্রণে একটি মিডিয়া ট্যুর আয়োজন করে। দলটিকে ইরানে আনা হয়, তখন রাস্তায় সরকারপন্থি সমাবেশ চলছিল। অংশগ্রহণকারীদের বার্ষিকীর র‍্যালি, ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের এয়ারস্পেস ও মিসাইল প্রদর্শনী এবং ২০২৫ সালের ডিসেম্বর ও ২০২৬ সালের জানুয়ারির অস্থিরতায় ক্ষতিগ্রস্ত বিভিন্ন স্থানে নিয়ে যাওয়া হয়। তাদের পোস্ট করা ভিডিও ও রিপোর্টগুলোতে মূলত সরকারের বর্ণনাই প্রতিফলিত হয়। আমন্ত্রিতদের মধ্যে ছিলেন মার্কিন মিডিয়া অ্যাক্টিভিস্ট প্যাট্রিক হেনিংসেন, পাকিস্তানি-ব্রিটিশ ভাষ্যকার বুশরা শাইখ এবং মার্কিন রাজনৈতিক কর্মী কালা ওয়ালশ।

(বিবিসি ওয়েব পেজ : ০৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## `আমরা এখন তাদের চেয়েও বেশি আগ্রহী লড়াই করতে,: ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান ”ফোন করছিল এবং বলছিল কীভাবে সমঝোতায় আসা যায়।„ ”আমি বললাম, আপনারা একটু দেরি করে ফেলেছেন,„ তিনি বলেন, ”আমরা এখন লড়াই করতে চাই, তাদের চেয়েও বেশি।„ ইন্টার মায়ামি ফুটবল দলের সঙ্গে দেখা করার আগে সূচনা বক্তব্যে একথা বলেন তিনি। প্রসঙ্গত, বৃহস্পতিবার এনবিসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, ইরান ”যুক্তরাষ্ট্রের সঙ্গে (আলোচনায়) সম্পৃক্ত হওয়ার কোনো কারণ দেখছে না।„ তিনি বলেন, ”সত্য কথা হলো, যুক্তরাষ্ট্রের সঙ্গে আমাদের আলোচনার কোনো ইতিবাচক অভিজ্ঞতা নেই। বিশেষ করে, এই প্রশাসনের সঙ্গে। আমরা গত বছর ও এ বছর দু-বার আলোচনা করেছি, আর ঠিক আলোচনা চলাকালেই তারা আমাদের ওপর হামলা চালিয়েছে।„

(বিবিসি ওয়েব পেজঃ ০৬.০৩.২০২৬ এলিনা)

## আসামে ভারতীয় যুদ্ধবিমান ভেঙে পড়ে দুই পাইলটের মৃত্যু

দুইজন পাইলটকে নিয়ে আসামের কার্বি আংলং এলাকায় বিধ্বস্ত হয়েছে একটি ভারতীয় যুদ্ধবিমান। ভারতীয় বিমান বাহিনী জানিয়েছে, সুখোই এসইউ-৩০ এমকেআই যুদ্ধবিমানটি জোরহাট বিমান ঘাঁটি থেকে বৃহস্পতিবার সন্ধ্যায় আকাশে ওড়ে। কিছুক্ষণ পরে, ভারতীয় সময় সন্ধ্যা ৭টা ৪২ নাগাদ শেষবার বিমানটির সঙ্গে যোগাযোগ করা গিয়েছিল। এর পরেই রাডার থেকে হারিয়ে যায় যুদ্ধবিমানটি। তল্লাশির পর গভীর রাতে ভারতীয় বিমান বাহিনী তাদের এক্স হ্যান্ডেলে জানায়, সুখোইটি জোরহাট থেকে ৬০ কি.মি. দূরে আসামের কার্বি আংলং এলাকায় ভেঙে পড়েছে। যুদ্ধবিমানে থাকা স্কোয়াড্রন লিডার অনুজ এবং ফ্লাইট লেফটেন্যান্ট পূর্বেশ দুর্গাকরের মৃত্যু হয়েছে। তবে কী কারণে এই দুর্ঘটনা, তা এখনো স্পষ্ট করেনি ভারতীয় বিমানবাহিনী। আগেও ২০১৭ সালে আসামের তেজপুর বিমান ঘাঁটি থেকে ওড়ার পর অরুণাচল প্রদেশের জঙ্গলে ভেঙে পড়েছিল একটি সুখোই এসইউ-৩০ এমকেআই যুদ্ধবিমান। যুদ্ধবিমানে থাকা এক স্কোয়াড্রন লিডার ও এক ফ্লাইট লেফটেন্যান্টের মৃত্যু হয়েছিল।

(বিবিসি ওয়েব পেজঃ ০৬.০৩.২০২৬ এলিনা)

## ইরানে মার্কিন সেনা পাঠানো 'সময়ের অপচয়' বললেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, এই মুহূর্তে ইরানে মার্কিন সেনা পাঠানো `সময়ের অপচয়, হবে এবং এখন তিনি এমন কোনো বিষয় নিয়ে এখনই ভাবছেন না। বৃহস্পতিবার এনবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, ”এটা সময়ের অপচয়। তারা সবকিছু হারিয়েছে। তারা তাদের নৌবাহিনী হারিয়েছে। তারা যা হারাতে পারে, তার সবকিছুই হারিয়েছে।„ এর আগে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এনবিসিতে যে মন্তব্য করেছিলেন যে, ইরান মার্কিন যুক্তরাষ্ট্র বা ইসরায়েলি স্থল আক্রমণের জন্য প্রস্তুত, সেটিও `অযথা মন্তব্য, বলে উল্লেখ করেন তিনি। ট্রাম্প আরও বলেন যে, তিনি বর্তমান ইরানি নেতৃত্ব কাঠামোকে `সাফ করে দিতে, চান। ”আমরা চাই, তাদের একজন ভালো

নেতা থাকুক। আমাদের কিছু লোক আছে, যারা আমার মনে হয় ভালো কাজ করবে,„ বলেন তিনি। যদিও তিনি কারও নাম উল্লেখ করেননি।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## ইসরায়েলে একদিনে ১৪০ জন আহত, ছয় দিনে নিহত ১০ জন

ইসরায়েলি স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে যে, ইরান ও হিজবুল্লাহর সাথে সংঘর্ষের ফলে গত ২৪ ঘণ্টায় ১৪০ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে একজনের অবস্থা গুরুতর, ১৯ জনের অবস্থা মাঝামাঝি পর্যায়ে এবং ১১৪ জন সামান্য আহত। এছাড়া চারজন আতঙ্কজনিত সমস্যায় ভুগছেন এবং দুইজনের চিকিৎসা নিয়ে এখনো মূল্যায়ন চলছে। মন্ত্রণালয় তার টেলিগ্রাম বিবৃতিতে জানিয়েছে যে, অভিযান শুরু হওয়ার পর থেকে ৬ মার্চ, শুক্রবার সকাল পর্যন্ত মোট আহতের সংখ্যা ১ হাজার ৬১৯ জন, যাদের হাসপাতালে নেওয়া হয়েছে। ইসরায়েলি অ্যাম্বুলেন্স সার্ভিস জানিয়েছে যে, যুদ্ধের প্রথম সপ্তাহে ৫০২ জন আহত ব্যক্তিকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। তারা আরও জানায়, ক্ষেপণাস্ত্রের আঘাতের স্থানে ১৩৮ জন আহত হন, যাদের মধ্যে ১০ জন মারা গেছেন। এছাড়া, দুইজন গুরুতর আহত, ছয়জন মাঝারি আহত এবং ১২০ জন সামান্য আহত হয়েছেন। এছাড়া, ইসরায়েলি সেনাবাহিনী এক বিবৃতিতে জানিয়েছে, দক্ষিণ লেবাননে এক যুদ্ধে একজন অফিসার এবং একজন সৈনিক আহত হয়েছেন। বিবৃতিতে বলা হয়েছে, দক্ষিণ লেবাননে যুদ্ধে গিভাতি ব্রিগেডের একজন অফিসার গুরুতর আহত হয়েছেন এবং একই ব্রিগেডের একজন সৈনিক মাঝামাঝি পর্যায়ে আহত হয়েছেন।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## ইরানে যুক্তরাষ্ট্রের হামলা ‵নাটকীয়ভাবে বেড়ে যাবে, : হেগসেথ

গতরাতে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ডে প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ, সেন্ট্রাল কমান্ডের অ্যাডমিরাল ব্র্যাড কুপার এবং প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানে যুক্তরাষ্ট্রের অভিযানের বিষয়ে এক ব্রিফিং করেন। হেগসেথ বলেন, ”ইরান ও তেহরানের ওপর যে পরিমাণ গোলাবারুদ ফেলা হচ্ছে, তা নাটকীয়ভাবে বাড়তে চলেছে।„ তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রকে দিয়েগো গার্সিয়া সামরিক ঘাঁটি ব্যবহার করতে দেওয়ার যুক্তরাজ্যের সিদ্ধান্ত ওয়াশিংটনের হামলা জোরদার করতে সহায়তা করবে। হেগসেথ বলেন, ”দুঃখজনক যে, শুরু থেকেই ব্রিটিশরা বলেনি, ‵ঠিক আছে, এগিয়ে যান এবং ঘাঁটিটি ব্যবহার করুন,। তবে শেষ পর্যন্ত আমরা তা পেয়েছি।„ এদিকে, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার বলেছেন, যুক্তরাজ্য কাতারে অবস্থানরত দেশটির স্কোয়াড্রনে যোগ দিতে আরও চারটি টাইফুন যুদ্ধবিমান পাঠাবে। যুক্তরাজ্য যুক্তরাষ্ট্রকে ব্রিটিশ ঘাঁটিগুলো ”প্রতিরক্ষামূলক অভিযান পরিচালনার„ জন্য ব্যবহার করতে দিয়েছে বলে প্রধানমন্ত্রী জানান।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## ভারতকে রাশিয়া থেকে তেল কিনতে কেন ছাড় দিল যুক্তরাষ্ট্র?

রাশিয়া থেকে তেল কেনার জন্য ভারতকে ৩০ দিনের 'অস্থায়ী ছাড়' দিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন অর্থমন্ত্রী স্কট বেসেন্ট সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ জানিয়েছেন, আন্তর্জাতিক বাজারে তেল সরবরাহ বজায় রাখতেই এই সিদ্ধান্ত। তবে এই ছাড় সমুদ্রে আটকে থাকা তেলবাহী জাহাজ বা ট্যাংকারের ক্ষেত্রেই প্রযোজ্য। রাশিয়া থেকে ভারতের তেল কেনা নিয়ে দীর্ঘদিন ধরেই আপত্তি জানিয়ে আসছিল যুক্তরাষ্ট্র। এমনকি ডোনাল্ড ট্রাম্প ভারতের ওপর শাস্তিমূলক অতিরিক্ত ২৫ শতাংশ বাণিজ্য শুল্ক আরোপ করেছিলেন, যার ফলে ভারতের উপর মোট মার্কিন শুল্ক দাঁড়ায় ৫০ শতাংশে। সেই সময়ে ভারত সরকারের পক্ষ থেকে জানানো হয়েছিল, দেশের স্বার্থের কথা মাথায় রেখেই সিদ্ধান্ত নিয়েছে সরকার এবং সেটাই ভবিষ্যতেও অগ্রাধিকার পাবে। এরপর দুই দেশের মধ্যে দীর্ঘদিন ধরে বাণিজ্য শুল্ক নিয়ে আলাপ-আলোচনা চলতে থাকে। চলতি বছরের ফেব্রুয়ারি মাসে, মার্কিন প্রেসিডেন্ট দাবি করেন, ভারত রাশিয়ান তেল কেনা বন্ধ করার প্রতিশ্রুতি দিয়েছে এবং আরোপিত ৫০ শতাংশ শুল্ক কমিয়ে ১৮ শতাংশ করা হয়েছে।

ইরানের সঙ্গে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের চলমান যুদ্ধ, ইরানের তরফে পাল্টা জবাব এবং যুক্তরাষ্ট্রের মিত্র দেশগুলোকে নিশানা করাকে কেন্দ্র করে ইতোমধ্যে পশ্চিম এশিয়ায় একটা অস্থিরতা তৈরি হয়েছে। এদিকে ইরানের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে ”হরমুজ প্রণালি পার করার চেষ্টা করলে তাকে হত্যা করা হবে।„ ইরান এবং ওমানের মধ্যে অবস্থিত হরমুজ প্রণালি দিয়ে পৃথিবীর প্রায় এক-পঞ্চমাংশ অপরিশোধিত তেল পরিবহণ করা হয়। এই প্রণালি বন্ধের প্রভাব জ্বালানির উপর পড়বে। ভারতের তেল সরবরাহের ৪০% হরমুজ প্রণালি দিয়ে আমদানি হয়।

### যুক্তরাষ্ট্র কী বলেছে?

মার্কিন অর্থ মন্ত্রী স্কট বেসেন্ট সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্স-এ লিখেছেন, ”বিশ্ববাজারে তেলের সরবরাহ অব্যাহত রাখার জন্য, মার্কিন ট্রেজারি বিভাগ ভারতীয় শোধনাগারগুলোকে রাশিয়ান তেল কেনার জন্য ৩০ দিনের একটা অস্থায়ী ছাড় দিচ্ছে।„ এর আগে, ভারতের বিরুদ্ধে রাশিয়া থেকে তেল কিনে রাশিয়াকে সাহায্য করে প্রকারান্তরে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ জিইয়ে রাখার অভিযোগ তুলেছিল যুক্তরাষ্ট্র। সেই প্রসঙ্গ টেনে মার্কিন অর্থ মন্ত্রী উল্লেখ করেছেন, ”ইচ্ছাকৃতভাবে খুব অল্প সময়ের জন্যই এটা মঞ্জুর করা হয়েছে। তাই এটা রাশিয়ার সরকারকে কোনো উল্লেখযোগ্য আর্থিক সুবিধা প্রদান করবে না, কারণ শুধুমাত্র সমুদ্রে আটকে থাকা জাহাজের জন্য তেল নেওয়ার অনুমোদন দেওয়া হচ্ছে।„ পাশাপাশি তিনি বলেছেন, ”ভারত যুক্তরাষ্ট্রের একটা গুরুত্বপূর্ণ অংশীদার এবং আমরা সম্পূর্ণরূপে আশা করি,

ভারত আমেরিকা থেকে তেল কেনার পরিমাণ বাড়াবে। বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহ বন্ধ করে রাখার ইরানের যে প্রচেষ্টা, তার চাপ কমাতে এই অস্থায়ী পদক্ষেপ নেওয়া হয়েছে।„ ইরান যুদ্ধ ইতোমধ্যেই বিশ্বব্যাপী তেল সরবরাহ ব্যবস্থায় প্রভাব ফেলতে শুরু করেছে। চলমান হামলা এবং হরমুজ প্রণালির চারপাশে ক্রমবর্ধমান উত্তেজনা আন্তর্জাতিক তেল বাজারকে অস্থিতিশীল করে তুলেছে। ভারত তার প্রয়োজনের ৯০ শতাংশ তেলই অন্যান্য দেশ থেকে আমদানি করে। এর প্রায় অর্ধেক পরিমাণ অপরিশোধিত তেল, যার পরিমাণ প্রতিদিন প্রায় ২.৫ থেকে ২.৭ মিলিয়ন ব্যারেল, তা হরমুজ প্রণালি দিয়ে আনা হয়ে থাকে। এর বেশিরভাগই ইরাক, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত এবং কুয়েত থেকে আসে। কিন্তু বর্তমান পরিস্থিতিতে ভারতের তেল আমদানি ঘিরেও অনিশ্চয়তা তৈরি হয়েছে। ইরাকের কর্মকর্তারা রয়টার্সকে জানিয়েছিলেন, তারা দৈনিক তেল উৎপাদন এই মুহূর্তে কমিয়ে দিয়েছেন। প্রাকৃতিক গ্যাসের বৃহত্তম সরবরাহকারী কাতার জানিয়েছে যে, তারা ইরানের ড্রোন হামলার পর অপ্রত্যাশিত পরিস্থিতির কথা ভেবে উৎপাদন বন্ধ রাখবে। মেরিটাইম ইন্টেলিজেন্স সংস্থা কেপলারের বিশ্লেষক সুমিত রিতোলিয়া বিবিসি সংবাদদাতা সৌতিক বিশ্বাসকে বলেন, ”ভারতের শোধনাগার এবং বাণিজ্যিক স্টোরেজে প্রায় ১০০ মিলিয়ন ব্যারেল অপরিশোধিত তেল রয়েছে। এর প্রায় ৮০ শতাংশ ব্যবহার করা যেতে পারে, যা প্রায় ৩০ থেকে ৩৫ দিনের চাহিদা পূরণ করতে পারে।„

সরকারি এক সূত্র বার্তাসংস্থা এএনআইকে মঙ্গলবার জানিয়েছে, ভারতের কাছে এই মুহূর্তে ২৫ দিনের অপরিশোধিত তেল এবং ২৫ দিনের পেট্রোল ও ডিজেল মজুত আছে। এর মধ্যে স্ট্র্যাটেজিক রিজার্ভ বা কৌশলগত ভাণ্ডারও আছে। এই কৌশলগত ভাণ্ডারও স্বল্পমেয়াদি সমস্যার মোকাবিলা করার জন্য যে ভাণ্ডারও রয়েছে, তার থেকে আলাদা। অন্যদিকে, মঙ্গলবার ভারতের পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী সংবাদমাধ্যমকে ব্রিফিং-এর সময় জানিয়েছিলেন, পরিস্থিতি মোকাবিলার জন্য বর্তমানে পর্যাপ্ত পরিমাণে অপরিশোধিত তেল এবং পেট্রোলিয়াম পণ্য যেমন পেট্রোল, ডিজেল এবং বিমানের জ্বালানি রয়েছে। তিনি জানিয়েছিলেন, এখন হরমুজ প্রণালি ব্যবহার করে পাঠানো হয় না, এমন পথে অপরিশোধিত তেল আমদানির ব্যবস্থা করছে ভারতীয় জ্বালানি কোম্পানিগুলো। কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় প্রেস বিজ্ঞপ্তিতে বলেছে, ”ভারত বিশ্বব্যাপী তৃতীয় বৃহত্তম আমদানিকারক, চতুর্থ বৃহত্তম পরিশোধক এবং পঞ্চম বৃহত্তম পেট্রোলিয়াম পণ্য রপ্তানিকারক। মধ্যপ্রাচ্য অঞ্চলে উদ্ভূত স্বল্পমেয়াদি বাধা মোকাবিলা করার জন্য দেশে অপরিশোধিত তেল, পেট্রোল, ডিজেল এবং বিমানের জ্বালানি সহ গুরুত্বপূর্ণ পেট্রোলিয়াম পণ্যের পর্যাপ্ত মজুত রয়েছে।„ তবে যুদ্ধের মধ্যে যুক্তরাষ্ট্র ভারতের রাশিয়া থেকে তেলার কেনার জন্য সাময়িক ছাড়ের কথা জানিয়েছে। এ নিয়েও মিশ্র প্রতিক্রিয়া আসছে। কংগ্রেসসহ বিরোধী দলগুলো কেন্দ্র সরকারের নীতি নিয়ে প্রশ্ন তুলেছে।

**বিশেষজ্ঞদের মতামত**

ভারতীয় ভূ-কৌশল বিশেষজ্ঞ ব্রহ্মা চেলানি ভারতের উপর মার্কিন 'চাপের' প্রসঙ্গ টেনে এনেছেন। তিনি এক্স হ্যান্ডেলে লিখেছেন, ”ট্রাম্প প্রশাসন ভারতকে রাশিয়ার তেল থেকে দূরে রাখার জন্য বাণিজ্য চুক্তির একটা কাঠামো তৈরি করে নিজেদের জয় দাবি করার পর থেকেই মোদী সরকার স্পষ্টতই নীরব। এখন বিড়াল ঝুলি থেকে বেরিয়ে এসেছে।„ তিনি আরো উল্লেখ করেছেন, ”দিল্লি কিছুই বলেনি, কিন্তু এই ছাড় অনেক কিছু বলে, মার্কিন চাপের মুখে ভারতের জ্বালানি আমদানি নীতি নীরবে পরিবর্তিত হয়েছে।„ ”যদি ভারতের এই স্বাধীনতা থাকত, যে সব থেকে কম দামে তেল দেবে, তার কাছ থেকেই কিনতে পারবে, তাহলে মার্কিন অর্থ দফতরের থেকে রাশিয়ার তেল কেনার ব্যাপারে এই ৩০ দিনের ছাড় নেওয়ার দরকার হত না ” লিখেছেন ব্রহ্মা চেলানি। মানব রচনা ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ রিসার্চ অ্যান্ড স্টাডিজ-এর সহকারী অধ্যাপক ও বিদেশনীতি বিশেষজ্ঞ উপমন্যু বসু বিবিসি বাংলাকে বলেছেন, ”এটা যুক্তরাষ্ট্রের দিক থেকে একটা ব্যালেন্সিং অ্যাক্ট বলেই আমি মনে করি। এই মুহূর্তে দাঁড়িয়ে যুক্তরাষ্ট্রের কাছে এটা নেসিসিটি (বাধ্যতামূলক) হয়ে গিয়েছিল। তবে, যুক্তরাষ্ট্র কিন্তু রাশিয়া থেকে তেল কেনার বিষয়ে আলাপ আলোচনার জন্য ভারতকে কোনো নতুনভাবে প্লাটফর্ম দিচ্ছে না। ভারত-রাশিয়ার সম্পর্ককেও তারা স্বীকৃতি দিচ্ছে না। ”এই মুহূর্তে দাঁড়িয়ে যুক্তরাষ্ট্রের কাছে আরো বড়ো সমস্যা রয়েছে বলে তারা এই সিদ্ধান্ত নিয়েছে। আপাতত তারা এক রকমের স্থিতিশীলতা তৈরি করতে চায়, যাতে সহযোগী দেশগুলো তাদের বিরুদ্ধে না চলে যায়,„ বলছিলেন মি. বসু। ওপি জিন্দাল গ্লোবাল ইউনিভার্সিটির জিন্দাল স্কুল অফ ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স-এর সহকারী অধ্যাপক এবং অর্থনীতিবিদ গীতাঞ্জলি সিন্হা রায় বিষয়টাকে দুদিক থেকে ব্যাখ্যা করেছেন। তার কথায়, ”যুক্তরাষ্ট্র এখন ভারতকে এই তেল কেনার ছাড় দিচ্ছে, একদিক থেকে এটা ভারতের কূটনীতিগত জয়। আবার এটাও ঠিক, এরপর যুক্তরাষ্ট্র ক্রমে ভারতের উপর তাদের কাছ থেকে তেল কেনার জন্য চাপ বাড়াবে এবং সাম্প্রতিক বিবৃতিতে তার ইঙ্গিত রয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ০৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরান সংশ্লিষ্ট সন্ত্রাসবিরোধী তদন্তে লন্ডনে চারজন গ্রেফতার

ইরান-সংশ্লিষ্ট একটি সন্ত্রাসবিরোধী তদন্তের অংশ হিসেবে লন্ডনে চারজনকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে মেট্রোপলিটন পুলিশ। বিদেশি গোয়েন্দা সংস্থাকে সহায়তা করার সন্দেহে পুলিশ একজন ইরানি এবং ব্রিটিশ-ইরানি দ্বৈত নাগরিকত্ব থাকা তিনজনকে গ্রেফতার করা হয়েছে বলে জানানো হয়। পুলিশ বলছে, তদন্তটি লন্ডনের ইহুদি

সম্প্রদায়ের সঙ্গে যুক্ত বিভিন্ন স্থান ও ব্যক্তির ওপর সম্ভাব্য নজরদারির সঙ্গে সম্পর্কিত। ওয়াটফোর্ড, বার্নেট এবং ওয়েম্বলির একটি ঠিকানাতেও এখনো তল্লাশি অব্যাহত রয়েছে। ৪০ বছর ও ৫৫ বছর বয়সি দু-জনকে বার্নেটের দুটি ঠিকানা থেকে, ৫২ বছর বয়সি একজনকে ওয়াটফোর্ড থেকে এবং ২২ বছর বয়সি একজনকে হ্যারোর ঠিকানা থেকে গ্রেফতার করা হয়। হ্যারোতে একই স্থানে একজন অপরাধীকে সহায়তা করার সন্দেহে ২৯, ৩৯, ৪২, ৪৯ বছর বয়সি আরও ছয়জন এবং ২০ বছর বয়সি দু-জনকে গ্রেফতার করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## ইরানি আরেকটি জাহাজ থেকে ২০৮ জনকে উদ্ধার করেছে শ্রীলঙ্কা

শ্রীলঙ্কার প্রেসিডেন্ট অনুরা কুমারা দিসানায়েকে একটি সংবাদ সম্মেলনে জানিয়েছেন, আইআরআইএস বুশেহর নামের একটি ইরানি জাহাজ কলম্বো বন্দরের কাছে এক্সক্লুসিভ ইকোনমিক জোন এলাকায় নোঙর করা রয়েছে। তিনি জানান, জাহাজটি শ্রীলঙ্কার জলসীমায় প্রবেশের অনুমতি চেয়েছে এবং জাহাজের ক্রুদের উদ্ধার করে তীরে আনা হয়েছে। তিনি আরও বলেন, শ্রীলঙ্কায় ইরানি দূতাবাস ও শ্রীলঙ্কা সরকারের মধ্যে আলোচনার পর ক্রুদের উদ্ধারের সিদ্ধান্ত নেন সংশ্লিষ্ট জাহাজের অধিনায়ক। বার্তায় তিনি বলেন, "সেই অনুযায়ী আমাদের নৌবাহিনীর জাহাজগুলো ওই জাহাজের কাছে পৌঁছেছে এবং ক্রুদের উদ্ধারকাজে নিয়োজিত রয়েছে। আমাদের কাছে যে তথ্য রয়েছে, তাতে ২০৮ জন ক্রুকে তীরে আনার জন্য প্রস্তুত করা হয়েছে।„ "এর মধ্যে ৫৩ জন কর্মকর্তা, ৮৪ জন ক্যাডেট, ৪৮ জন সিনিয়র নাবিক এবং ২৩ জন নাবিক রয়েছেন।„ "আমরা এখন ওই ২০৮ জনকে জাহাজ থেকে আমাদের নৌযানে নিয়ে এসে কলম্বো বন্দরে আনার প্রক্রিয়া শুরু করেছি।„ "এরপর ওই জাহাজের ক্রু ও আমাদের নাবিকদের ত্রিনকমালি বন্দরের এলাকায় নেওয়ার পরিকল্পনাও রয়েছে,„ তিনি যোগ করেন। প্রসঙ্গত, গত ৪ মার্চ শ্রীলঙ্কার উপকূলের কাছে ইরানের জাহাজ আইআরআইএস দেনা হামলার শিকার হয়। পরে যুক্তরাষ্ট্র দাবি করে, তারা সাবিমেরিন টর্পেডো দিয়ে আঘাত করে ইরানি জাহাজটি ডুবিয়ে দেয়। জাহাজ থেকে সাহায্যের আবেদন জানানোর পর ৩২ জনকে উদ্ধার করে শ্রীলঙ্কার নৌবাহিনী। তাদের চিকিৎসার জন্য গালে জাতীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। শ্রীলঙ্কার পররাষ্ট্রমন্ত্রী বিজিথা হেরাথ জানান যে, জাহাজে প্রায় ১৮০ জন যাত্রী ছিলেন এবং পরে নিখোঁজ ৮৪ জনের মৃতদেহ পাওয়া গেছে। মৃতদেহগুলো গালে জাতীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## ‵কিছু দেশ মধ্যস্থতার উদ্যোগ শুরু করেছে,: ইরানের প্রেসিডেন্ট

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন যে, "কিছু দেশ মধ্যস্থতার প্রচেষ্টা শুরু করেছে„, যদিও তিনি নির্দিষ্ট করে কোনো দেশের নাম উল্লেখ করেননি। সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত এক পোস্টে তিনি লিখেছেন, "কিছু দেশ মধ্যস্থতার প্রচেষ্টা শুরু করেছে। পরিষ্কার বলি, আমরা অঞ্চলে স্থায়ী শান্তির প্রতি অঙ্গীকারবদ্ধ, তবে আমাদের জাতির মর্যাদা ও সার্বভৌমত্ব রক্ষায় কোনো দ্বিধা নেই।" "মধ্যস্থতা তাদের উদ্দেশ্যে হওয়া উচিত, যারা ইরানি জনগণকে অবমূল্যায়ন করেছে এবং এই সংঘাতকে উসকে দিয়েছে।„ পেজেশকিয়ানের এই মন্তব্য আসে এমন এক সময়, যখন ইরানের আরব প্রতিবেশীরা তাদের দেশে অবস্থিত মার্কিন ঘাঁটি, বেসামরিক স্থাপনা এবং জ্বালানি অবকাঠামো লক্ষ্য করে পরিচালিত ইরানি ক্ষেপণাস্ত্র হামলার ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানাচ্ছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## খামেনির বাংকার ধ্বংসে ৫০টি যুদ্ধবিমান অংশ নিয়েছিল : ইসরায়েল সেনাবাহিনী

ইরানের সাবেক সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির ভূগর্ভস্থ বাংকার ধ্বংসের অভিযানে ৫০টি যুদ্ধবিমান অংশ নিয়েছিল বলে জানিয়েছে ইসরায়েল সেনাবাহিনী। সেনাবাহিনীর মুখপাত্র আভিচাই আদরাইয়ের দেওয়া এক বিবৃতিতে বলা হয়েছে যে, বিমান বাহিনীর প্রায় ৫০টি যুদ্ধবিমান বাংকারে অভিযান চালায়, যা খুবই সুরক্ষিত জায়গা হিসেবে তৈরি করা হয়েছিল। যেখান থেকে ইরানের সর্বোচ্চ নেতা যুদ্ধ-সংক্রান্ত বিষয়গুলো পরিচালনা করতেন। আভিচাই আদরাই আরও জানান, "খামেনিকে হত্যার পরও, ইরানি শাসকগোষ্ঠীর ঊর্ধ্বতন কর্মকর্তারা এই কমপ্লেক্সটি ব্যবহার অব্যাহত রেখেছিলেন।„ ইসরায়েলি সেনাবাহিনীর দাবি, এই ভূগর্ভস্থ বাংকারটি তেহরানের কেন্দ্রস্থলে একটি পুরো সড়ক জুড়ে বিস্তৃত ছিল এবং এখানে ইরানের ঊর্ধ্বতন কর্মকর্তাদের বৈঠকের জন্য নির্ধারিত কক্ষ ছিল, যা অনেকগুলো প্রবেশপথ দ্বারা যুক্ত। (বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ এলিনা)

## 'নিঃশর্ত আত্মসমর্পণ ছাড়া ইরানের সাথে কোনো চুক্তি নয়' : ট্রাম্প

"শর্তহীন আত্মসমর্পণ ছাড়া ইরানের সাথে আর কোনো চুক্তি হবে না„ বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার সামাজিক যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে একথা জানিয়েছেন তিনি। ওই পোস্টে ট্রাম্প আরও লিখেছেন, "এর পরে একজন মহান ও গ্রহণযোগ্য নেতা নির্বাচিত হবে। আমরা এবং আমাদের অনেক অসাধারণ এবং অত্যন্ত সাহসী মিত্র এবং অংশীদাররা, ইরানকে ধ্বংসের দ্বারপ্রান্ত থেকে ফিরিয়ে আনতে অক্লান্ত পরিশ্রম করব, এটিকে অর্থনৈতিকভাবে আগের চেয়েও বড়ো, উন্নত এবং শক্তিশালী করে তুলব।„ "ইরানের ভবিষ্যৎ দুর্দান্ত হবে। ইরানকে আবার মহান করে তুলুন,„ উল্লেখ করেন ট্রাম্প। (বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ রনি)

### ইসরায়েলি বিমান হামলায় লেবাননে নিহতের সংখ্যা বেড়ে ২১৭

লেবাননে ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা বেড়ে ২১৭ জনে দাঁড়িয়েছে। এছাড়া, ৭৯৮ জন আহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির সরকারি সংবাদ সংস্থা। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, সোমবার ভোর থেকে দেশটিতে শুরু হওয়া ইসরায়েলি হামলায় এই হতাহতের ঘটনা ঘটেছে। এর আগে, ১২৩ জন নিহতের তথ্য নিশ্চিত করেছিল লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ রনি)

### ইরানের সাথে মার্কিন-ইসরায়েল যুদ্ধকে 'অসাধারণ ভুল' বললেন স্পেনের প্রধানমন্ত্রী

ইরানের সাথে মার্কিন-ইসরায়েল যুদ্ধকে "একটি অসাধারণ ভুল" বলে অভিহিত করেছেন স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ। এছাড়া, এই সংঘাতকে "স্পষ্টতই আন্তর্জাতিকভাবে বৈধ নয়" বলেও উল্লেখ করেছেন তিনি। "মিত্র দেশগুলোর মধ্যে, যখন কেউ সঠিক তখন সাহায্য করা এবং যখন কেউ ভুল বা ভুল করছে, তখন সেটি তুলে ধরা উচিত," বলেও মনে করেন তিনি। অবশ্য, ইরানে হামলা চালানোর জন্য স্পেনের মোরন এবং রোটাফোরের যৌথ ঘাঁটি যুক্তরাষ্ট্রকে ব্যবহারের অনুমতি না দেওয়ার প্রতিক্রিয়ায় এরই মধ্যে স্পেনের ওপর পূর্ণ বাণিজ্য নিষেধাজ্ঞা আরোপের হুমকি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এদিকে, জার্মানির চ্যান্সেলর ফ্রিডরিখ মেৎস বলেছেন যে, ইরানি জনগণের "স্বাধীনভাবে তাদের নিজস্ব ভাগ্য নির্ধারণের অধিকার রয়েছে।" তিনি সতর্ক করে বলেছেন, ইরানকে "প্রক্সি যুদ্ধের ক্ষেত্র করে তোলা উচিত হবে না।" এই যুদ্ধ অব্যাহত থাকায় "ক্রমবর্ধমান ঝুঁকি" দেখছেন বলেও জানিয়েছেন জার্মান চ্যান্সেলর।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ রনি)

## এনএইচকে

### ইরানের লক্ষ্যবস্তুগুলোতে হামলার দায়িত্ব ভাগ করে নিয়েছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল : প্রতিবেদন

বৃহস্পতিবার প্রকাশিত একটি সংবাদ প্রতিবেদনে বলা হয়েছে যে, মার্কিন ও ইসরায়েলি বাহিনী ইরানের বিরুদ্ধে তাদের সামরিক অভিযানের ক্ষেত্রে হামলার এলাকাগুলো নিজেদের মধ্যে ভাগ করে সমন্বিতভাবে কাজ করছে। ইসরায়েলি গণমাধ্যম সামরিক কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, তাদের বাহিনী পশ্চিম ও মধ্য ইরানে অভিযান চালাচ্ছে। তারা রাজধানী তেহরানে ক্ষেপণাস্ত্র উৎক্ষেপক এবং সরকারি স্থাপনাগুলোকে লক্ষ্য করে হামলা চালাচ্ছে। অন্যদিকে, মার্কিন সামরিক বাহিনী দক্ষিণে অবস্থিত ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ ব্যবস্থা এবং ইরানি নৌবাহিনীর সাথে সম্পর্কিত লক্ষ্যবস্তুগুলোতে হামলা চালাচ্ছে বলে জানা গেছে। ইরানি সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, দেশজুড়ে ১,২৩০ জন নিহত হয়েছেন। রেড ক্রিসেন্ট সোসাইটি বৃহস্পতিবার জানিয়েছে যে, ১৭৪টি শহরে ঘরবাড়ি, হাসপাতাল এবং অন্যান্য চিকিৎসা কেন্দ্রসহ বিস্তীর্ণ এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। সংস্থাটি আরও জানিয়েছে যে, তাদের নিজেদের কার্যালয় এবং ত্রাণ সামগ্রী মজুত রাখার স্থানগুলিও হামলার কবলে পড়েছে।(এনএইচকে ওয়েবপেইজ: ০৬.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে সংকট এড়াতে বেশি দামে এলএনজি কেনা হলো

যুদ্ধের কারণে জ্বালানি সংকট এড়াতে খোলাবাজার থেকে বেশি দামে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) দুটি কার্গো (জাহাজ) কিনেছে সরকার। বেশি দামে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি করছেন ব্যবসায়ীরা। একইসঙ্গে জ্বালানি সাশ্রয়ে মন্ত্রিসভা ও জ্বালানি মন্ত্রণালয় কয়েক দফা নির্দেশনা দিয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সূত্র বলছে, জ্বালানি পরিস্থিতি নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই। দেশে জ্বালানি তেলের মজুত ফুরিয়ে যায়নি। যুদ্ধ পরিস্থিতি বিবেচনায় ১০ শতাংশ সরবরাহ কমানো হয়েছে। অনেকে ডিজেল কিনে মজুত করছে। সংকটের শঙ্কায় মানুষের মধ্যে ভীতি তৈরি হয়েছে। পেট্রোল স্টেশনগুলো তেল মজুত করে রাখতে পারে। কৃত্রিম সংকট তৈরি ঠেকাতে নজরদারি বাড়ানো হয়েছে। বিপিসি সূত্র বলছে, গত চারদিনে ডিজেল বিক্রি হয়েছে প্রায় ৯৮ হাজার টন। গত বছর একই সময়ে বিক্রি হয়েছিল ৫৫ হাজার টন। বর্তমানে ১ লাখ ৮১ হাজার টন মজুত আছে ডিজেলের। তবে বিলম্ব হলেও ডিজেলের কয়েকটি জাহাজ এসে পৌঁছানোর কথা আগামী সপ্তাহে। গত চারদিনে পেট্রোল বিক্রি হয়েছে ৯ হাজার ৩৮০ টন, গত বছর একই সময়ে বিক্রি হয়েছিল ৬ হাজার ৪৮০ টন। অকটেন বিক্রি হয়েছে প্রায় ৮ হাজার টন, গত বছর যা ছিল ৫ হাজার ২৪৭ টন। যদিও পেট্রোল ও অকটেনের মজুত নিয়ে দুশ্চিন্তা নেই, এটি দেশেও উৎপাদন হয়। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বৃহস্পতিবার ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, দেশে এখন জ্বালানির সংকট নেই। বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় আগাম সতর্কতা নেওয়া হয়েছে। সরবরাহ কিছুটা কমানো হয়েছে। একইসঙ্গে বাড়তি দামে হলেও বিকল্প উৎস থেকে জ্বালানি কেনা হচ্ছে। সবাইকে সাশ্রয়ী হতে অনুরোধ করা হয়েছে। বেসরকারি খাতকেও এলপিজি আমদানিতে সহায়তা করা হচ্ছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ রুবাইয়া)

## যৌন নিপীড়নের অভিযোগে এক বাংলাদেশিকে মালয়েশিয়া থেকে যুক্তরাষ্ট্রে নিল এফবিআই

আন্তর্জাতিক শিশু যৌন নিপীড়নের চক্র পরিচালনাসহ বিভিন্ন অভিযোগে জোবাইদুল আমিন নামের এক বাংলাদেশিকে মালয়েশিয়া থেকে গ্রেফতার করে যুক্তরাষ্ট্রে নিয়ে গেছে মার্কিন কেন্দ্রীয় তদন্ত সংস্থা (এফবিআই)। এফবিআইয়ের পরিচালক কাশ প্যাটেলের এক্স পোস্টকে উদ্ধৃত করে এ খবর জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো। সেই পোস্টে কাশ প্যাটেল বলেন, এফবিআইসহ মার্কিন অংশীদাররা জোবাইদুলকে গ্রেফতার করে। তিনি ২০২২ সাল থেকে পলাতক ছিলেন। এফবিআইয়ের পরিচালক লিখেছেন, জোবাইদুলকে মালয়েশিয়া থেকে যুক্তরাষ্ট্রের আলাস্কায় নিয়ে গেছে এফবিআই। আলাস্কায় তিনি তার বিরুদ্ধে আনা অভিযোগের মুখোমুখি হবেন। এ বিষয়ে বিস্তারিত তথ্য পরে প্রকাশ করা হবে। তদন্ত ও গ্রেফতারে সহযোগিতার জন্য মালয়েশিয়া সরকারসহ যুক্তরাষ্ট্রের স্থানীয় অংশীদারদের ধন্যবাদ জানান এফবিআইয়ের পরিচালক। অন্যদিকে, যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের ওয়েবসাইটে গতকাল বৃহস্পতিবার প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, আন্তর্জাতিক শিশু যৌন নিপীড়নের চক্র পরিচালনার অভিযোগে ৫ মার্চ ডিস্ট্রিক অব আলাস্কার আদালতে এক বাংলাদেশিকে হাজির করার বিষয়টি নির্ধারিত আছে। প্রথম আলোর নিউইয়র্ক প্রতিনিধি জানান, ২০২২ সালের জুলাইয়ে জোবাইদুলকে যুক্তরাষ্ট্রের একটি ফেডারেল গ্র্যান্ড জুরি আলাস্কাসহ যুক্তরাষ্ট্রের অন্যান্য স্থান ও বিদেশে শত শত শিশুকে নিপীড়নের সঙ্গে সম্পর্কিত অভিযোগে অভিযুক্ত করেন। জোবাইদুলের বিষয়ে এফবিআই ও যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ মালয়েশিয়ার কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে কাজ করে আসছে। ৪ মার্চ তাকে মালয়েশিয়া থেকে যুক্তরাষ্ট্রের আলাস্কায় নেওয়া হয়। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, দোষী সাব্যস্ত হলে জোবাইদুলের ২০ বছর থেকে যাবজ্জীবন কারাদণ্ড পর্যন্ত হতে পারে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ রুবাইয়া)

## পাগলা মসজিদে সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার দুই সাংবাদিক

কিশোরগঞ্জের ঐতিহ্যবাহী পাগলা মসজিদে নিলাম ডাকের সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার হয়েছেন দুই সাংবাদিক। গতকাল বৃহস্পতিবার আসরের নামাজের পর মসজিদের নিলাম ঘরের সামনে এ হামলার ঘটনা ঘটে বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানিয়েছে। স্থানীয় নিলাম সিন্ডিকেটের সদস্যরা তাদের ওপর হামলা চালায় বলে অভিযোগ উঠেছে। হামলায় আহত দুই সাংবাদিক হলেন- চ্যানেল টুয়েন্টিফোরের কিশোরগঞ্জ জেলা প্রতিনিধি খায়রুল আলম ফয়সাল এবং গ্লোবাল টেলিভিশনের জেলা প্রতিনিধি ফয়জুল ইসলাম ভুঁইয়া পিংকু। তারা কিশোরগঞ্জ সদর হাসপাতালে চিকিৎসা নিয়ে রাতেই বাড়ি ফিরেছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রতিদিন আসরের নামাজের পর পাগলা মসজিদের দানের গরু-ছাগল, হাঁস-মুরগিসহ বিভিন্ন সামগ্রী নিলামে তোলা হয়। এ নিলামকে কেন্দ্র করে স্থানীয় একটি সিন্ডিকেট গড়ে উঠেছে। দীর্ঘদিন ধরে কম দামে এসব দানের সামগ্রী ক্রয় করে আসছে সিন্ডিকেটটি। এ নিয়ে গতকাল বিকেলে সংবাদ সংগ্রহ করতে ঘটনাস্থলে যান চারজন সংবাদকর্মী। এ সময় একটি প্রভাবশালী সিন্ডিকেট চক্রের লোকজন হঠাৎ করে `মব, সৃষ্টি করে তাদের ওপর হামলা চালান। এ ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন কিশোরগঞ্জের সাংবাদিক সমাজের নেতারা। জড়িত হামলাকারীদের শনাক্ত করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন তারা। এ ঘটনার প্রতিবাদে আজ শুক্রবার কিশোরগঞ্জ শহরে মানববন্ধন করেছেন স্থানীয় সাংবাদিকেরা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানের জাহাজ নোঙর করা এবং ক্রুদের প্রবেশের অনুমতি দিলো শ্রীলঙ্কা

বুধবার ভারত মহাসাগরে শ্রীলঙ্কার উপকূলে যুক্তরাষ্ট্রের সাবমেরিন হামলায় ডুবে যায় ইরানের জাহাজ আইআরআইএস দেনা। তার দু-দিন পর নিজেদের জলসীমার বাইরে নোঙর করার সময় ইরানের আরেকটি জাহাজ সাহায্য চাইলে নাবিকদের আশ্রয় দিতে রাজি হয়েছে শ্রীলঙ্কা। আজ শুক্রবার ইরানের জাহাজ আইআরআইএনএস বুশেহর থেকে প্রায় ২০০ নাবিককে কলম্বো বন্দরে নেওয়া শুরু করে শ্রীলঙ্কার নৌবাহিনী। ইরানের জাহাজ এবং নাবিকদের বিষয়ে এমন সিদ্ধান্তের প্রসঙ্গে শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিশানায়েকে বলেন, ”আমাদের বুঝতে হবে, এ কোনো সাধারণ পরিস্থিতি নয়। এটা একটি পক্ষের জাহাজের আমাদের বন্দরে প্রবেশ করতে দেওয়ার অনুরোধ। আমাদের এটাকে আন্তর্জাতিক চুক্তি এবং কনভেনশন অনুযায়ী বিবেচনা করতে হবে।„

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ রুবাইয়া)

## দুবাইবাসীদের সোশ্যাল মিডিয়া ব্যবহারে সতর্কবার্তা

সামাজিক যোগাযোগ মাধ্যমে `নিরাপত্তা বা গুরুত্বপূর্ণ সাইট,-এর ছবি, ভিডিও বা তথ্য শেয়ার করা থেকে বিরত থাকার অনুরোধ সম্বলিত টেক্সট ম্যাসেজ পাচ্ছেন দুবাইয়ের বাসিন্দারা। দুবাই পুলিশকে উদ্ধৃত করে পাঠানো বার্তাগুলোতে সবাইকে `অবিশ্বাস্য তথ্য পুনঃপোস্ট করার, বিষয়ে সতর্ক করে বলা হয়, এমন তথ্য প্রচার করলে আইনি ব্যবস্থা নেওয়া হতে পারে। অতীতে মধ্যপ্রাচ্যে অস্থিরতা বা উত্তেজনার সময়েও দুবাইকে নিরাপদ আশ্রয়স্থল মনে করা হতো। ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল হামলা চালানোর পর ইরানের ড্রোন ও ক্ষেপণাস্ত্র দুবাইয়েও আঘাত হানে। দুবাইবাসীদের

কাছে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কবার্তা আসছে তারপর থেকে। ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বাহিনী ইরানে হামলা শুরু করে। তার জবাবে ইসরায়েলের পাশাপাশি, পারস্য উপসাগরীয় অঞ্চলের কয়েকটি দেশেও পাল্টা হামলা চালায় ইরান। ইরান মনে করে, মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশকে হামলার লক্ষ্যবস্তু করা যুক্তিসংগত। কারণ, সেই দেশগুলোতে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি রয়েছে। তবে বেসামরিক এলাকা এবং অবকাঠামোতেও হামলা চালিয়েছে ইরান। এর ফলে কয়েকশ বেসামরিক নাগরিক আহত হয়েছে সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, কাতার, বাহরাইন এবং ওমানের মতো মুসলিম অধ্যুষিত দেশে। ইসরায়েলের ইনস্টিটিউট ফর ন্যাশনাল সিকিউরিটি স্টাডিজের তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার প্রথম চারদিনে ইসরায়েলের দিকে যতগুলো রকেট ছুড়েছে ইরান, তার দ্বিগুণেরও বেশি ছুড়েছে উপসাগরীয় মুসলিম প্রধান দেশগুলোর দিকে। ইসরায়েলে হামলার জন্য ব্যবহার করা মোট ড্রোনের ২০ গুণেরও বেশি ড্রোন ব্যবহার করা হয়েছে সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, কাতার, বাহরাইন এবং ওমানের বিরুদ্ধে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## জাতিসংঘে বাংলাদেশের প্রার্থীর পক্ষে সমর্থন চাইলেন তারেক রহমান

ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিকদের জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে বাংলাদেশের প্রার্থী, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের প্রতি সমর্থন দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় কূটনীতিকদের সম্মানে আয়োজিত এক ইফতার মাহফিলে তিনি এ আহ্বান জানান। এ সময় প্রধানমন্ত্রী বলেন, মানবাধিকার সুরক্ষা, মতপ্রকাশের স্বাধীনতা রক্ষা এবং সহনশীলতার সংস্কৃতি গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। প্রধানমন্ত্রী আরও বলেন, সরকারের সব স্তরে দুর্নীতি মোকাবিলায় দৃঢ় পদক্ষেপ নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## পাটপণ্য বিশ্ববাজারে ছড়িয়ে দেওয়ার আহ্বান রাষ্ট্রপতির

পাটপণ্যকে বিশ্ববাজারে ছড়িয়ে দিয়ে নতুন সম্ভাবনার সুবর্ণ সুযোগকে কাজে লাগাতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। রাষ্ট্রপতি বলেন, ”স্বল্পমূল্যে পাটের ব্যাগ তৈরি ও বিপণন করুন। বিশ্ব এখন টেকসই ও পরিবেশবান্ধব পণ্যের দিকে ঝুঁকছে। এই সম্ভাবনার সুবর্ণ সুযোগকে কাজে লাগাতে হবে।„ শুক্রবার `জাতীয় পাট দিবস-২০২৬, উপলক্ষ্যে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর পলিথিন ব্যাগ পরিহারের আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি বলেন, ”পাট পণ্যকে বিশ্ববাজারে ছড়িয়ে দিন। সাশ্রয়ী মূল্যের পাটের ব্যাগ ও পরিবেশবান্ধব পণ্য ব্যবহার করুন।” রাষ্ট্রপ্রধান উদ্যোক্তাদের বৈশ্বিক বাজারের চাহিদা অনুযায়ী নতুন, আধুনিক, মানসম্মত, নান্দনিক ও ব্যবহার উপযোগী সাশ্রয়ী মূল্যের পণ্য উদ্ভাবনে এগিয়ে আসার আহ্বান জানান। পাট খাতে আধুনিক বিজ্ঞান ও লাগসই প্রযুক্তির ব্যবহার বাড়ানোর তাগিদ দিয়ে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন বলেন, পাটজাত পণ্যে নতুন-নতুন উদ্ভাবন ও বৈচিত্র্য আনতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## যশোর সীমান্তে জ্বালানি তেলের পাচার ঠেকাতে সতর্ক বিজিবি

বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে জ্বালানি তেলের পাচার প্রতিরোধে যশোর সীমান্তে টহল, তল্লাশি ও গোয়েন্দা নজরদারি জোরদার করেছে বিজিবি। একইসঙ্গে সীমান্ত এলাকায় বিজিবির অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। শুক্রবার বিকেলে যশোর ৪৯ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল সাইফুল্লাহ সিদ্দিকী এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেন। বিজিবি জানায়, বেনাপোল স্থলবন্দরসহ যশোরের শার্শা ও চৌগাছা সীমান্তে তেল পাচার রোধে বিজিবির জনবল বৃদ্ধির পাশাপাশি, টহল ও গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে অস্থায়ী চেকপোস্ট স্থাপনের মাধ্যমে তল্লাশি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বিশেষ করে, যে-সব রুট দিয়ে অতীতে ডিজেল ও পেট্রোল পাচারের চেষ্টা হয়েছে, সেসব পয়েন্টে অতিরিক্ত বিজিবি সদস্য মোতায়েন করা হয়েছে। এছাড়া, বেনাপোল স্থলবন্দর গেটে দেশীয় এবং ভারতীয় ট্রাক মালামাল পরিবহণে ভারতে প্রবেশের সময় অধিক সতর্কতার সঙ্গে তল্লাশি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## অন্তর্বর্তী সরকার কোনো চুক্তি নিয়ে আমাদের সঙ্গে আলোচনা করেনি : জামায়াতের আমির

অন্তর্বর্তী সরকারের সময় বিভিন্ন দেশের সঙ্গে হওয়া বিভিন্ন চুক্তি নিয়ে জামায়াতে ইসলামীর সঙ্গে কোনো আলোচনা করা হয়নি বলে জানিয়েছেন দলটির আমির ও বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান। শুক্রবার বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ কথা জানান জামায়াত আমির। ফেসবুক পোস্টে ডা. শফিকুর রহমান লিখেছেন, বিগত অন্তর্বর্তী সরকারের আমলে বিভিন্ন দেশের সঙ্গে সরকার কয়েকটি চুক্তি সম্পাদন করেছে। কিন্তু দুঃখজনকভাবে এ ধরনের কোনো চুক্তি নিয়ে সরকার আমাদের সঙ্গে কোনো আলোচনা করেনি। তিনি আরও লেখেন, আমরা বহুবার দাবি জানিয়েছিলাম যে, সংসদ না থাকার কারণে সরকার বিভিন্ন জাতীয় ইস্যুতে যেভাবে

রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপ করেছে, ঠিক সেভাবেই আন্তর্জাতিক চুক্তির মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলোতেও রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া উচিত ছিল। কিন্তু তৎকালীন সরকার আমাদের সেই দাবিগুলোকে আমলে নেয়নি। অতএব, এ বিষয়ে আমাদের অবস্থান স্পষ্ট এবং এখানে কোনো ধরনের ধোঁয়াশা তৈরি করার সুযোগ নেই। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## ঢাকায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে একই পরিবারের ১০ জন দগ্ধ

রাজধানীর উত্তরায় কামারপাড়া এলাকার একটি বাসায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে একই পরিবারের ১০ জন দগ্ধ হয়েছেন। শুক্রবার ভোরের দিকে এ বিস্ফোরণ ঘটে। সবাইকে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়েছে। জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক ডা. শাওন বিন রহমান জানান, দগ্ধদের মধ্যে সোনিয়ার শরীরের ১০০ শতাংশ, এনায়েত আলীর ৪৫ শতাংশ, রুবেলের ৩২ শতাংশ, রিয়ার ৩২ শতাংশ, জুনায়েদের ২৪ শতাংশ, হাবিবের ১৯ শতাংশ, শিশু রোজার ১৮ শতাংশ, দিলারার ১৪ শতাংশ, আয়েশার ১২ শতাংশ ও আবুল কালামের ৭ শতাংশ দগ্ধ রয়েছে। তিনি বলেন, যাদের শরীর বেশি দগ্ধ হয়েছে তাদের নিবিড় পরিচর্যা কেন্দ্রে রাখা হয়েছে। অন্যদের পর্যবেক্ষণে রাখা হয়েছে। (জাগো নিউজ ওয়েবপেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## ঢাকায় র্যাবের অভিযানে জাল নোটসহ দুই তরুণ গ্রেফতার

ঢাকার তুরাগ থানা এলাকায় অভিযান চালিয়ে বিপুল পরিমাণ জালনোট ও সরঞ্জামসহ দুইজনকে গ্রেফতার করেছে র্যাব-৩। গ্রেফতাররা হলো নাইমুল ইসলাম ইশান ও কেফায়েত উল্লাহ। এ সময় জাল টাকা তৈরির কাজে ব্যবহৃত একটি ল্যাপটপ, দুটি লেজার প্রিন্টিং ডাইস, একটি প্রিন্টার এবং তিনটি স্মার্টফোন জব্দ করা হয়েছে। শুক্রবার দুপুরে র্যাব-৩ এর সিনিয়র সহকারী পরিচালক সনদ বড়ুয়া এ তথ্য জানান। তিনি বলেন, বৃহস্পতিবার রাতে গোপন খবরের ভিত্তিতে র্যাব-৩ এর একটি দল তুরাগের ডলিপাড়া বাদলদী এলাকায় হোসনে আরা আক্তারের চারতলা ভবনের চতুর্থ তলায় অভিযান চালায়। এ সময় জালনোট কারবারি চক্রের সদস্য নাইমুল ইসলাম ইশান ও তার সহযোগী কেফায়েত উল্লাহকে গ্রেফতার করা হয়। গ্রেফতারের সময় তাদের কাছ থেকে ৫০০ টাকা মূল্যমানের ৫ হাজার ৫টি জালনোট উদ্ধার করা হয়। গ্রেফতাররা প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানায়, তারা সংঘবদ্ধ জাল নোট কারবারি চক্রের সদস্য। তারা দীর্ঘদিন ধরে অবৈধভাবে বিভিন্ন মূল্যমানের জাল নোট তৈরি করে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে বিক্রি করে আসছিল।(জাগো নিউজ ওয়েবপেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## বরিশালে বাস-মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে নিহত ২

ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদীতে বাস-মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত হয়েছে। এ ঘটনায় আরও তিনজন আহত হওয়ার খবর পাওয়া গেছে। শুক্রবার সকাল ১০টার দিকে গৌরনদী উপজেলার কসবা এলাকায় এই দুর্ঘটনা ঘটে। গৌরনদী ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. মিজানুর রহমান জানান, খুলনাগামী টেকেরহাট এক্সপ্রেসের সঙ্গে বরিশালগামী মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে মাইক্রোবাসটি দুমড়ে-মুচড়ে যায়। এতে মাইক্রোবাসের চালকসহ পাঁচজন গুরুতর আহত হয়। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হলে চিকিৎসাধীন অবস্থায় মাইক্রোবাসের চালকসহ দুইজন নিহত হয়। তিনি আরও জানান, নিহত মাইক্রোবাসের চালকের নাম মো. রিপন। তিনি বরিশাল নগরীর বাসিন্দা। অপরজনের নাম পরিচয় এখন পর্যন্ত পাওয়া যায়নি। (জাগো নিউজ ওয়েবপেজ:০৬.০৩.২০২৬ আসাদ)

## মাছ ধরায় নিষেধাজ্ঞা; সাত দিনেও জেলেদের ভাগ্যে জোটেনি ভিজিএফের চাল

ইলিশসহ সব ধরনের মাছ শিকারে ভোলার মেঘনা ও তেঁতুলিয়া নদীতে চলছে দুই মাসের নিষেধাজ্ঞা। ফলে জেলার সাত উপজেলার প্রায় ৩ লাখ জেলে কর্মহীন হয়ে পড়েছে। তবে নিষেধাজ্ঞার সাতদিন পার হয়ে গেলেও, জেলেদের কাছে পৌঁছেনি ভিজিএফের চাল। আর ওই চাল না পেয়ে রমজানের মধ্যে কষ্ট ও দুশ্চিন্তায় কাটছে তাদের দিন। ভোলার শিবপুর ইউনিয়নের ভোলার খাল ও ধনিয়া ইউনিয়নের তুলাতুলি মেঘনা নদীর পাড়ে সরেজমিনে দেখা গেছে, নদীতে ক,দিন আগেও ট্রলার, নৌকা ও জালসহ মাছ শিকারের উপকরণ নিয়ে দাপিয়ে বেড়াত জেলেরা। আজ নিষেধাজ্ঞার কারণে নদী ও মৎস্য ঘাটে সুনসান নীরবতা বিরাজ করছে। ইলিশসহ সব ধরনের মাছ শিকারের দুই মাসের নিষেধাজ্ঞার কারণে কর্মহীন হয়েছে জেলার সাত উপজেলার প্রায় ৩ লাখ জেলে। ইলিশের অভয়াশ্রমের কারণে ভোলার ১৯০ কিলোমিটার মেঘনা ও তেঁতুলিয়া নদীতে ১ মার্চ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত চলবে এ নিষেধাজ্ঞা। তাই কেউ কেউ নদীর তীরে বসে জাল মেরামত করছেন। (জাগো নিউজ ওয়েবপেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## স্ত্রী-সন্তানকে ছুরিকাঘাতে হত্যার পর যুবকের আত্মহত্যা

নওগাঁর আত্রাইয়ে স্ত্রী-সন্তানকে ছুরিকাঘাতে হত্যার পর নিজের গলায় ছুরিকাঘাত করে আত্মহত্যা করেছেন এক যুবক। বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে উপজেলার বলরামচক চৌধুরীপাড়া গ্রামে এ ঘটনা ঘটেছে। নিহতরা হলেন, উপজেলার বলরামচক চৌধুরীপাড়া গ্রামের গৌতম সরকারের ছেলে জয় সরকার (২৭), তার স্ত্রী বৃষ্টি সরকার

(২২) ও ২৭ মাস বয়সি মেয়ে জিনি সরকার। পুলিশ ও স্থানীয়রা জানায়, জয় সরকার মাদকাসক্ত ছিলেন। স্বামী মাদকাসক্ত ও বেপরোয়া হওয়ার কারণে, স্ত্রী বৃষ্টি সরকার অনেকবার সংসার ছেড়ে চলে যান। বৃহস্পতিবার রাতে খাবার শেষে পরিবারের সবাই ঘুমিয়ে পড়লে রাতে জয় তার স্ত্রী ও সন্তানকে এলোপাতাড়ি ছুরিকাঘাত করেন। পরে নিজেও ছুরি দিয়ে নিজের শরীরে আঘাত করে আত্মহত্যার চেষ্টা করে। এতে ঘটনাস্থলে বৃষ্টি সরকার মারা যান। পরে পরিবারের সদস্যরা গুরুতর আহত অবস্থায় জয় সরকার ও তার সন্তানকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে অবস্থার অবনতি হওয়ায় রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ভোরে তারা মারা যান। (জাগো নিউজ ওয়েবপেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## ৪০ কোটি টাকা পাচার, স্ত্রী-ছেলেসহ বিডার সাবেক সদস্যের বিরুদ্ধে মামলা

৪০ কোটি টাকা পাচারের অভিযোগে বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বিডার সাবেক নির্বাহী সদস্য মো. খায়রুল ইসলাম, তার স্ত্রী ইসরাত জাহান মীম ও ছেলে মোরসালিন ইসলাম সৌর দ্বীপের বিরুদ্ধে মামলা করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সিআইডি। শুক্রবার সিআইডির বিশেষ পুলিশ সুপার জসীম উদ্দিন খান এ তথ্য জানান। তিনি বলেন, অভিযুক্তরা মেঘমালা ইন্টারন্যাশনাল লিমিটেড ও মেঘমালা স্টেট লিমিটেড নামে দুটি নামসর্বস্ব কোম্পানি প্রতিষ্ঠা করেন। এরপর প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে ২০১২ সালে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক গুলশান শাখা থেকে প্রতিটি প্রতিষ্ঠানের নামে ২০ কোটি টাকা করে মোট ৪০ কোটি টাকা ঋণ নেন। সিআইডির অনুসন্ধানে আরও জানা যায়, ঋণের অর্থের প্রকৃত উৎস আড়াল করতে তা বিভিন্ন হিসাবে স্থানান্তর করা হয়। ভুয়া প্রতিষ্ঠান খুলে ঋণের ওই অর্থ মোরসালিন ইসলাম সৌর দ্বীপের ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক ধানমন্ডি শাখার হিসাবে জমা করা হয়। পরে সেখান থেকে ৪০ কোটি টাকা ডেবিট করে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, বনশ্রী শাখায় ‵ইউনিয়ন ব্যাংক, নামে একটি হিসাবে জমা দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েবপেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## গ্যাস সংকটে দেশের ৬ সার কারখানার ৫টিই বন্ধ

গ্যাস সংকটের কারণে দেশের ছয়টি ইউরিয়া সার কারখানার মধ্যে পাঁচটিরই উৎপাদন কার্যক্রম বন্ধ করা হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশনের বিসিআইসি বাণিজ্য, উৎপাদন ও গবেষণা দপ্তরের পরিচালক মো. মনিরুজ্জামান। বৃহস্পতিবার রাতে তিনি জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। মনিরুজ্জামান বলেন, একটি চলছে, সেটি শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড আর ৪টি বন্ধ। আগে থেকেই আশুগঞ্জ বন্ধ ছিল। বুধবার থেকে বাকি তিনটি বন্ধ হয়েছে। তিনি বলেন, আমাদের বন্ধ রাখতে বলেছে, এজন্য বন্ধ রেখেছি। বিশেষ কী কারণ, সেটা জ্বালানি বিভাগ বলতে পারবে। কতদিন বন্ধ থাকবে, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমাদের ১৫ দিনের জন্য বন্ধ রাখতে বলেছে। সরকারের জ্বালানি বিভাগের একটি সূত্র জানিয়েছে, মধ্যপ্রাচ্যে যুদ্ধ দীর্ঘস্থায়ী হলে দেশে জ্বালানি সংকট দেখা দিতে পারে। আগাম প্রস্তুতি হিসেবেই এসব সার কারখানা বন্ধ করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েবপেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## লিবিয়া থেকে দেশে ফিরলেন ১৬৫ বাংলাদেশি

অবৈধভাবে ইউরোপ যাওয়ার চেষ্টা করতে গিয়ে লিবিয়ায় আটক ও দুর্ভোগের শিকার হওয়া ১৬৫ বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনা হয়েছে। তাদের মধ্যে বেনগাজীর গানফুদা ডিটেনশন সেন্টারে আটক ১৪৩ জন এবং আশপাশের এলাকায় বসবাসকারী অসহায় ও অসুস্থ ২২ জন রয়েছেন। লিবিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে লিবিয়া সরকার ও আন্তর্জাতিক অভিবাসন সংস্থার আইওএম সহযোগিতায় তাদের দেশে ফেরানো হয়। শুক্রবার সকাল সাড়ে ৫টায় বুরাক এয়ারের একটি ফ্লাইটে তারা ঢাকায় পৌঁছান। প্রত্যাবাসিত বাংলাদেশিদের বেশিরভাগই সমুদ্রপথে অবৈধভাবে ইউরোপে যাওয়ার উদ্দেশ্যে মানব পাচারকারীদের প্ররোচনা ও সহায়তায় লিবিয়ায় প্রবেশ করেছিলেন বলে জানা গেছে। তাদের অনেকেই সেখানে অপহরণ ও নির্যাতনের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## মালয়েশিয়ায় বাংলাদেশি যুবককে গ্রেফতার করে যুক্তরাষ্ট্রে নিল এফবিআই

আন্তর্জাতিক শিশু যৌন নিপীড়ন চক্র পরিচালনাসহ বিভিন্ন অভিযোগে জোবাইদুল আমিন (২৮) নামের এক বাংলাদেশি যুবককে গ্রেফতার করেছে মার্কিন কেন্দ্রীয় তদন্ত সংস্থা এফবিআই। গ্রেফতারের পর জোবাইদুলকে মালয়েশিয়া থেকে যুক্তরাষ্ট্রের আলাস্কা অঙ্গরাজ্যে নেওয়া হয়েছে। সেখানে তার বিরুদ্ধে আনা অভিযোগের বিষয়ে আদালতে শুনানি হবে বলে জানিয়েছে এফবিআই। শুক্রবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে এ তথ্য জানান এফবিআইয়ের পরিচালক কাশ প্যাটেল। তিনি বলেন, এফবিআই ও তাদের আন্তর্জাতিক অংশীদারদের যৌথ অভিযানে জোবাইদুলকে গ্রেফতার করা হয়। ২০২২ সাল থেকে তিনি পলাতক ছিলেন। এ বিষয়ে বিস্তারিত তথ্য পরে প্রকাশ করা হবে বলেও পোস্টে জানানো হয়। এই অভিযানে সহযোগিতার জন্য মালয়েশিয়া সরকারসহ যুক্তরাষ্ট্রের স্থানীয় অংশীদারদের ধন্যবাদ জানিয়েছেন এফবিআইয়ের পরিচালক। এদিকে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের ওয়েবসাইটে

প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আন্তর্জাতিক শিশু যৌন নিপীড়ন চক্র পরিচালনার অভিযোগে ৫ মার্চ আলাস্কার ডিস্ট্রিক্ট আদালতে এক বাংলাদেশিকে হাজির করার সময় নির্ধারণ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## সাবেক উপদেষ্টা রিজওয়ানার বিরুদ্ধে বিচার বিভাগীয় তদন্তের দাবি জামায়াতের

নির্বাচনে ইঞ্জিনিয়ারিংয়ের অভিযোগ এনে সাবেক অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের বিরুদ্ধে বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে জামায়াতে ইসলামী। শুক্রবার জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের উত্তর গেটে আয়োজিত বিক্ষোভ মিছিলে এ দাবি জানান দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। `সাবেক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান ও খলিলুর রহমানের গ্রেফতার ও জিজ্ঞাসাবাদের দাবিতে, এই বিক্ষোভ সমাবেশ ও মিছিলের আয়োজন করে জামায়াতে ইসলামী ঢাকা মহানগর দক্ষিণ শাখা। সমাবেশে সৈয়দা রিজওয়ানা হাসানের উদ্দেশ্যে মিয়া গোলাম পরওয়ার বলেন, আপনি আপনার বক্তব্যের অডিও-ভিডিও বারবার দেখুন, আপনি কী বলেছেন? যখন চারদিকে সমালোচনা ও তদন্তের দাবি উঠলো, আপনি ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করলেন যে, আপনি কোনো রাজনৈতিক দলকে মিন করেননি, উগ্রবাদীদের মিন করেছেন। কিন্তু আপনার কথাতেই আপনি আবার ধরা পড়ে যাচ্ছেন। সাংবাদিক যখন নারী অধিকার ও মর্যাদার প্রশ্নে আপনাকে জিজ্ঞাসা করলেন যে, তাদের একটা অংশ তো বিরোধী দলে আছে, তখন আপনি বললেন, `বিরোধী দলে যদি তারা থেকেও থাকে, তাদেরকে আমরা মেইন স্ট্রিমে আসতে দেইনি,। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## পুলিশ সদস্যদের জীবনে নৈতিকতা ও সদাচরণ গড়ে তুলতে হবে : আইজিপি

পুলিশ সদস্যদের জীবনে নৈতিকতা ও সদাচরণ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন বাহিনীর মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির। শুক্রবার পুলিশের বার্ষিক আজান, কেরাত ও রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। বাদ জুমা রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে বাংলাদেশ পুলিশ কেন্দ্রীয় জামে মসজিদে অনুষ্ঠানটি হয়। আইজিপি বলেন, পুলিশ সদস্যদের জীবনে ধর্মীয় অনুশাসন লালনের মাধ্যমে নৈতিকতা ও সদাচরণ গড়ে তুলতে হবে। ইসলাম শান্তির ধর্ম। আর পুলিশ সমাজে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য কাজ করে থাকেন। আলী হোসেন ফকির আইনি সুরক্ষা, ন্যায়বিচার ও সদাচরণের মাধ্যমে জনগণকে সেবা দেওয়ার জন্য পুলিশ সদস্যদের প্রতি আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## বিশ্ববাজারে তেলের কোনো ঘাটতি নেই, সংকটের কথা অতিরঞ্জিত করা হচ্ছে: আইইএ

বিশ্ববাজারে তেলের কোনো ঘাটতি নেই ও সংকটের আশঙ্কা অতিরঞ্জিত করা হচ্ছে বলে দাবি করেছেন আন্তর্জাতিক শক্তি সংস্থার (আইইএ) নির্বাহী পরিচালক ফাতিহ বিরোল। স্থানীয় সময় বৃহস্পতিবার (৫ মার্চ) বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে এই দাবি করেন তিনি। সাংবাদিকদের বিরোল বলেন, যুদ্ধের কারণে সৃষ্ট `লজিস্টিক্যাল বিঘ্ন, অনেক দেশের জন্য চ্যালেঞ্জ তৈরি করছে। কিন্তু বৈশ্বিক বাজারে পর্যাপ্ত ও বিশাল পরিমাণ উদ্বৃত্ত তেল রয়েছে। জরুরি মজুত তেল বাজারে ছাড়ার বিষয়টি আইইএ বিবেচনা করছে কি না- এমন প্রশ্নের জবাবে বিরোল বলেন, সব ধরনের বিকল্পই টেবিলে রয়েছে। তবে এই মুহূর্তে এ বিষয়ে কোনো সম্মিলিত পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা নেই বলেও জানান তিনি। বিরোল আরও বলেন, আমরা মূলত সাময়িক একটি বিঘ্নের মুখে পড়েছি, এটি একটি লজিস্টিক্যাল বিঘ্ন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## স্থানীয় সরকার প্রতিমন্ত্রীর নামে প্রতারণামূলক ফোন, সতর্ক থাকার অনুরোধ

স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের নাম ব্যবহার করে প্রতারণামূলক ফোন করা হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকার জন্য প্রতিমন্ত্রীর দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে। শুক্রবার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, ০১৮২৬০৯৫৩১৮ নম্বর থেকে প্রতিমন্ত্রীর নাম ব্যবহার করে কিংবা তার আত্মীয় পরিচয় দিয়ে বিভিন্ন ব্যক্তি, জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তার কাছে ফোন করা হচ্ছে। এর মাধ্যমে বিভিন্ন ধরনের প্রলোভন দেখিয়ে ব্যক্তিগত বা প্রশাসনিক সুবিধার আশ্বাস দেওয়া হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে মন্ত্রণালয় জানায়, প্রতিমন্ত্রী কিংবা তার দপ্তরের পক্ষ থেকে এ ধরনের কোনো ফোনকল বা ব্যক্তিগত সুবিধা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয় না। এ ধরনের কর্মকাণ্ড সম্পূর্ণরূপে প্রতারণামূলক এবং আইনত দণ্ডনীয় অপরাধ। বিষয়টি সংশ্লিষ্ট থানায় অবগত করে এরই মধ্যে সাধারণ ডায়েরি করা হয়েছে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলমান বলেও জানানো হয় বিজ্ঞপ্তিতে। এ ধরনের কোনো ফোন বা প্রলোভনে বিভ্রান্ত না হওয়ার জন্য সবাইকে অনুরোধ জানিয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়, এমন প্রতারণামূলক কর্মকাণ্ডের বিষয়ে তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে কাছের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৩.২০২৬ আসাদ)

## দেশে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির বিষয়ে কোনো সিদ্ধান্ত নেয়নি সরকার

বর্তমান সংকটময় পরিস্থিতিতে দেশে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির বিষয়ে সরকার এখনো কোনো সিদ্ধান্ত নেয়নি বলে জানিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। শুক্রবার বিপিসির সচিব শাহিনা সুলতানা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশে সরকার নির্ধারিত মূল্যে জ্বালানি তেল কেনা-বেচার বাধ্যবাধকতা রয়েছে। সংকটের অজুহাতে অতিরিক্ত মূল্য আদায় আইনগত অপরাধ। তাছাড়া, দেশে জ্বালানি তেলের মূল্য প্রতিমাসের শুরুতে সরকার কর্তৃক নির্ধারণ করা হয়। জ্বালানি তেল আমদানি ও বাজারজাত করার জন্য নিয়োজিত সরকারি এ সংস্থা জানায়, কিছু কিছু ভোক্তা ডিলার ও ফিলিং স্টেশন থেকে প্রয়োজনের অতিরিক্ত জ্বালানি তেল সংগ্রহ করে অননুমোদিতভাবে মজুত করার চেষ্টা করছেন মর্মে খবর প্রকাশ হচ্ছে, যা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বিপিসিসহ সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। দেশের জনগণের ভয় ও আতঙ্ক হ্রাস করার লক্ষ্যে বিজ্ঞপ্তিতে জানানো হয়, দেশে জ্বালানি তেলের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য বিদেশ থেকে আমদানি কার্যক্রম বা সূচি নির্ধারিত রয়েছে এবং নিয়মিতভাবে পারসেল দেশে আনা হচ্ছে। পাশাপাশি, ডিলারদের সাময়িকভাবে প্রধান স্থাপনা থেকে সারা দেশের সব ডিপোতে নিয়মিতভাবে রেল ওয়াগন ও ট্যাংকারের মাধ্যমে তেল পাঠানো হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

## বিভিন্ন দেশের সঙ্গে সম্পর্ক আরও শক্তিশালী করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ

পারস্পরিক শ্রদ্ধা, সহযোগিতা ও আস্থার ভিত্তিতে বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আরও শক্তিশালী করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিকদের সম্মানে আয়োজিত ইফতার অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ মন্তব্য করেন। সেই সঙ্গে তিনি জানান, বাংলাদেশ সব সময় দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সম্পর্ককে অত্যন্ত গুরুত্ব দেয়। রাজধানীতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় ইফতারের পূর্বে দেওয়া বক্তব্যে তারেক রহমান বলেন, ”আজকের এই ইফতার শুধু একটি আনুষ্ঠানিক আয়োজন নয়, এটি আমাদের স্মরণ করিয়ে দেয়- নানা জাতি, ধর্ম ও সংস্কৃতির মানুষের পারস্পরিক সম্মান, সহমর্মিতা ও ঐক্যের গুরুত্বের কথা। এই মূল্যবোধই একটি শান্তিপূর্ণ ও সহনশীল সমাজ গঠনের ভিত্তি।„ বিএনপি নেতৃত্বাধীন নতুন সরকারের দেশের স্বাধীনতা রক্ষা, মানবাধিকার নিশ্চিত করা ও দুর্নীতির বিরুদ্ধে দৃঢ় অবস্থানের কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুদৃঢ় রাখা, নারীদের আরও বেশি ক্ষমতায়ন ও উৎসাহ দেওয়া এবং নতুন উদ্যোক্তাদের সহায়তার মাধ্যমে একটি শক্তিশালী ও অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৩.২০২৬ আসাদ)

# BBC

## 'SOME COUNTRIES HAVE BEGUN MEDIATION EFFORTS': IRANIAN PRESIDENT

Iranian President Masoud Pezeshkian says "some countries have begun mediation efforts", without specifying. In a post on social media, he says: "Some countries have begun mediation efforts. Let's be clear: we are committed to lasting peace in the region yet we have no hesitation in defending our nation's dignity & sovereignty. "Mediation should address those who underestimated the Iranian people and ignited this conflict." Pezeshkian's comments come as Iran's Arab neighbours weigh their response to Iranian missile attacks targeting American bases and also civilian and energy infrastructure in their countries.
(BBC News Web Page: 06/03/26, FARUK)

## US OIL FIRM HALTS PRODUCTION AFTER ATTACK IN IRAQI KURDISTAN

Oil production has been halted at a US oil field in Iraqi Kurdistan after an attack there, say authorities. An update shared on X by the Kurdistan regional government says the oil field, which is operated by US firm HKN Energy and is in the Dohuk province, was attacked "by outlaw groups in Iraq. This has resulted in "material damage to the field and the suspension of production there." Citing a security source, the AFP news agency is separately reporting that the attack was carried out by two drones on Thursday. The Kurdistan region is an autonomous area of northern Iraq, run by the Kurdistan regional government.
(BBC News Web Page: 06/03/26, FARUK)

## ISRAEL DESTROYS IRANIAN MILITARY COMMAND BUNKER IN TEHRAN: IDF

An underground bunker that was planned to be used by the former supreme leader of Iran, Ayatollah Ali Khamenei, has been destroyed following an attack involving 50 Israeli fighter jets, according to the Israel Defense Forces (IDF). It says Khamenei was "eliminated" before he could use the bunker - which was intended to function as the supreme leader's "secure emergency command centre." The IDF says the bunker "spanned multiple streets" in the centre of Tehran and "continued to be used by senior Iranian regime officials."

(BBC News Web Page: 06/03/26, FARUK)

**UK WARNS RISK OF 'TERRORIST ATTACK' IN CYPRUS 'CANNOT BE RULED OUT'**

The UK has updated its travel advice for Cyprus, warning that the risk of a terrorist attack cannot be ruled out. The Foreign, Commonwealth and Development Office says in its updated guidance: "Terrorist attacks in Cyprus cannot be ruled out." It adds: "There is a high threat of terrorist attack globally affecting UK interests and British nationals, including from groups and individuals who view the UK and British nationals as targets.
(BBC News Web Page: 06/03/26, FARUK)

**ISRAEL MUST 'SCRAPE AWAY' LEBANESE BORDER VILLAGES: OPPOSITION LEADER**

Israel's opposition leader has called for Israel to create a "sterile zone" in southern Lebanon, similar to the Yellow Line in Gaza, by removing Lebanese villages there. Yair Lapid, who heads the centrist Yesh Atid party, told a local television channel that Israel would "have no choice" but to create a "sterile zone" in southern Lebanon. "It might be unaesthetic, or unpleasant, to scrape away two or three Lebanese villages," he said, "but they brought it upon themselves." For days now, the sound of air-strikes and intense sustained bursts of machine-gun fire has echoed along this border, as Israel intensifies it's war against Hezbollah. (BBC News Web Page: 06/03/26, FARUK)

**IRAN UNDER INTERNET BLACKOUT FOR SIX FULL DAYS: NETBLOCKS**

Iran has now been in an internet blackout for six full days, says the independent internet monitoring group NetBlocks. It says that the country has "1% connectivity at the 144-hour mark". Internet blackouts are one of the factors that make it difficult for international news organizations to report on what is happening inside Iran. The Iranian state also cut off internet services amid anti-government protests earlier this year.
(BBC News Web Page: 06/03/26, FARUK)

**IDF SAYS IT IS WORKING TO 'INTERCEPT' MISSILES FIRED FROM IRAN**

The Israel Defense Forces (IDF) says it is working to intercept new missiles launched towards the country from Iran. "A short while ago, the IDF identified missiles launched from Iran toward the territory of the State of Israel," is says in a statement posted on Telegram. "Defensive systems are operating to intercept the threat." It adds that the Home Front Command has sent "a precautionary directive" to mobile phones of people in "relevant areas". It is urging those who receive the text to "enter a protected space and remain there until further notice." (BBC News Web Page: 06/03/26, FARUK)

**SAUDI ARABIA SAYS IT INTERCEPTED DRONE AND MISSILE ATTACKS OVERNIGHT**

Saudi Arabia's defence ministry says it intercepted missile and drone attacks within its territory overnight. Across several updates on X, it says a cruise missile was "intercepted and destroyed" near the city of Al-Kharj, south east of the capital Riyadh. In the last hour it has also reported that several drones have been taken down near the capital itself.
(BBC News Web Page: 06/03/26, FARUK)

**US GRANTS WAIVER TO ALLOW INDIA TO BUY RUSSIAN OIL**

The US Treasury Department has temporarily eased sanctions to allow India to buy Russian oil currently stranded at sea. Treasury Secretary Scott Bessent said the 30-day waiver will allow oil to keep flowing in the global market and"alleviate pressure caused by Iran's attempt to take global energy hostage". The move is a "deliberate short-term measure" that "will not provide significant financial benefit to the Russian government" as it only involves oil already stranded at sea, Bessent said on X. US President Donald Trump's sanctioned Russian oil following Moscow's invasion of Ukraine, forcing buyers to seek alternatives. Separately, China is in negotiations with Iran to allow ships carrying crude oil and Qatari gas safe passage through the Strait of Hormuz, Reuters reported on Thursday, citing anonymous sources. (BBC News Web Page: 06/03/26, FARUK)

**US AND VENEZUELA AGREE TO RESUME DIPLOMATIC TIES AFTER MADURO CAPTURE**

The US and Venezuela have agreed to re-establish diplomatic and consular relations. The agency said in a statement that the two sides would make point efforts to promote stability, support economic recovery and advance political reconciliation. While their diplomatic relations have been improving since the US military captured Venezuelan President Nicolas Maduro in January in a surprise raid, the announcement of formal bilateral ties marks a

hugely symbolic step. President Donald Trump ordered troops to seize Maduro and his wife, bringing them to a Manhattan court to face allegations of weapon and drug offences, which they deny. (BBC News Web Page: 06/03/26, FARUK)

## :: THE END